লেকচার সিরিজের
SURE SUCCESS

Short সিলেবাসে

HSC

# স্মাইড ইজি টু টেস্ট পেপারস

## বাংলা

দ্বিতীয় পত্র

## বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

## ঢাকা বোর্ড ২০২৪

[সেট : ০২] বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'য-ফলা' উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
নদী, অবিনাশী, প্রভাত, পক্ষ, বিশেষজ্ঞ, প্রেতাত্মা, সংবাদপত্র, আবৃত্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
ক্ষতীগ্রস্থ, শুচীপত্র, বুদ্ধিজীবি, শ্বাশুড়ী, উপরোক্ত, দূরাবস্তা, অপেক্ষামান, স্বত্ত্বাধিকারী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।'
ii) বিপন্ন মানবতার পাশে আমাদের দাঁড়ানো উচিত।
iii) 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।'
iv) হায় হায়! ওর এখন কী হবে!
v) আকাশে বিদ্যুৎ চমকায়।
vi) গাড়িটা বেশ জোরে চলছে।
vii) 'আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে।'
viii) 'ফেলে দিল রাত্রে-গাঁথা সেঁউতি ফুলের মালা।'

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
নরাধম, দুধে-ভাতে, গজানন, তপোবন, চৌরাস্তা, উদ্বেল, লোকান্তর, কালঘুম।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা,(খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) ধনীর কন্যা তার অপছন্দ। (নেতিবাচক)
ii) সত্যি সেলুকাস, এদেশ বড়ো বিচিত্র। (বিস্ময়বোধক)
iii) আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি। (যৌগিক)
iv) কেউ কিছু বলে না। (অস্তিবাচক)
v) এখনো আশা ছাড়ি নাই, কিন্তু মাতুলকে ছাড়িয়াছি। (সরল)
vi) তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ। (জটিল)
vii) এমন করা ঠিক হয়নি। (প্রশ্নবোধক)
viii) নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানানো উচিত। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) তার বিদ্রোহী আত্মার শান্তি কামনা করছি।
ii) অপহরণ ব্যবসায়ীকে এখনো উদ্ধার করা যায়নি।
iii) গৌতম বুদ্ধ বুদ্ধধর্ম প্রচারণা করেন।
iv) সড়ক দূর্ঘটনায় আহত ছাত্রটি বেঁচে আছে।
v) মাস্ক পড়ুন, সুস্থ্য থাকুন।
vi) ঝড়-বৃষ্টির কারণে ব্যাপক ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।
vii) আগামীকাল শপথ নেবেন সংসদরা।
viii) আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন।

অথবা,(খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
এতদ্বারা, এই কলেজের সকল শিক্ষার্থী-শিক্ষকগণ ও সকল কর্মচারীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মে দিবস উপলক্ষ্যে আসছে আগামী ১ মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ কলেজের সকল শ্রেণি কার্যক্রম বন্ধ থাকিবে। আসছে ২ মে ২০২৪ খ্রি. থেকে কলেজ পূর্বের ন্যায় যথারীতিভাবে চলিবে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Architecture, Bacteria, Curfew, Diplomacy, Expert, Galaxy, Hostage, Lock-up, Monarchy, Oath, Public opinion, Quarantine, Reform, Session, War-crime.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
In the present world we live in a global village. The countries of the world are now like the homes of village. The countries are like next door neighbour to one another. We can immediately know what happens in other countries. And we can also share their joys and sorrows with them.

৮। (ক) তোমার কলেজে পহেলা বৈশাখ উদ্‌যাপনের ওপর একটি দিনলিপি লেখ। ১০

অথবা,(খ) 'দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বই পড়ার গুরুত্ব বিষয়ে পরামর্শ দিয়ে তোমার ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা,(খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে অধ্যক্ষের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ, সে বিষয়ে কোনো সন্দেহ নাই। কিন্তু চরিত্র তদপেক্ষাও মূল্যবান। অতএব, কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভান্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদ আছে যে, কোনো কোনো বিষধর সর্পের মস্তকে মণি থাকে। মণি মহামূল্যবান পদার্থ বটে, কিন্তু তাই বলিয়া যেমন মণি লাভের নিমিত্ত বিষধর সর্পের সাহচর্য লাভ করা বুদ্ধিমানের কার্য নহে, সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যা লাভের নিমিত্ত বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নহে।

অথবা,(খ) ভাব-সম্প্রসারণ কর :
ভোগে নয়, ত্যাগেই মনুষ্যত্বের বিকাশ।

১১। (ক) মনে কর তুমি নাফী, তোমার বন্ধু নীল। উচ্চশিক্ষা স্তরে ভর্তির ক্ষেত্রে 'বিষয় নির্বাচনের গুরুত্ব' প্রসঙ্গে দুজনের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা,(খ) নিচের সংকেত অনুসরণে 'লক্ষ্য যেথা স্থির' শিরোনামে একটি গল্প তৈরি কর :
পড়ালেখায় ভালো হলেও নবম শ্রেণি পাশের পর বিয়ে হয় মিনুর। কিন্তু রিকশাচালক বাবা পাত্রপক্ষের দাবি মেটাতে না পারায়...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) শিষ্টাচার ও সৌজন্যবোধ;
(খ) কৃষিক্ষেত্রে বিজ্ঞান;
(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের করণীয়;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) যুদ্ধ নয়, শান্তি।

## রাজশাহী বোর্ড ২০২৪

[সেট : ০২] বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পদ্ম, আহ্বান, হৃদয়, জ্ঞান, ঐতিহ্য, গদ্য, মসৃণ, শ্রাবণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে 'অ-তৎসম' শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাংখা, উজ্জল, কুজ্ঝটিকা, পিপিলিকা, আশাঢ়, শান্তনা, গীতাঞ্জলী, পিত্রিদত্ত।

৩। (ক) বিশেষ্য কাকে বলে? বিশেষ্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) '<u>অনলে</u> পুড়িয়া গেলো'।
ii) <u>পায়েহাঁটা</u> পথ ধরে সোজা এগিয়ে গেলাম।
iii) সবাই কক্সবাজার <u>যেতে চাইছে</u>।
iv) কাজটা <u>ভালোভাবে</u> সম্পন্ন হয়নি।
v) আকাশটা <u>কালো</u> মেঘে ঢাকা।
vi) আজ <u>খুব</u> ঠান্ডা লাগছে।
vii) সূর্যকিরণ <u>শুষিতেছে</u> জল।
viii) আজ <u>নয়</u> কাল <u>তুমি</u> আসবে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দুধেভাতে, দেবদত্ত, আয়কর, পুরুষসিংহ, প্রভাত, দেশান্তর, হাভাতে, চৌচালা।

৫। (ক) একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা আবশ্যক। উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) চরিত্রহীন লোক পশুর চেয়েও অধম। (জটিল)
ii) যখন তিনি ছিলেন, তখন কোনো জিনিসের অভাব ছিল না। (সরল)
iii) যখন বিপদ আসে তখন দুঃখও আসে। (যৌগিক)
iv) পাখিটি খুব সুন্দর। (বিস্ময়সূচক)
v) বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। (প্রশ্নবাচক)
vi) মানুষের তৈরি দুর্যোগও কম ক্ষতি করে না। (অস্তিবাচক)
vii) 'পুলিশের লোক জানিবে কী করিয়া? (নেতিবাচক)
viii) চুপ করো। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) ছেলেটি বিদুষী হলেও বখাটে।
ii) অধিক সন্ন্যাসীতে তাঁতি নষ্ট।
iii) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
iv) সাবধান পূর্বক চলবে।
v) বাংলাদেশ আমাদের পিতৃভূমি।
vi) সকল ছাত্রগণ ক্লাসে উপস্তিত ছিলো।
vii) সবিতা ভয়ংকর মেধাবী।
viii) দৈন্যতা প্রশংসনীয় নয়।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ইদানীংকালে যুবসমাজের মধ্যে মাদক ব্যাপক আকারে ছড়াইয়া পড়েছে। দিনদিন মাদকাশক্তের সংখ্যা বাড়িয়াই চলছে। এর ফলে যুবসমাজ ধংসের দ্বারপ্রান্তে পৌছেছে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Realism, Nomination, Idiom, Legend, Sponsor, Dialect, Equality, Hand-bill, First-aid, Renew, E-mail, Vacation, Hostage, Deputation, Gratuity.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
You must have heard the name of Rabindranath Tagore. He is a famous poet of the world. His contribution to Bengali literature is incomparable. He is the poet of life, youth and nature. He is the source of our inspiration.

৮। (ক) তোমার কলেজে উদ্‌যাপিত নবীনবরণ অনুষ্ঠানের উপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

জলহারা মেঘখানি বরষার শেষে
পড়ে আছে গগনের এক কোণ ঘেঁষে।
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে
সারাদিন ঝিকিমিকি হাসে থেকে থেকে।
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলাহীন,
নিজেরে নিঃশেষ করি, কোথায় বিলীন।
আমি দেখো চিরকাল থাকি জলভরা
সরোবর, সুগম্ভীর নাই নড়াচড়া।
মেঘ কহে, ওহে বাপু, করো না গরব,
তোমার পূর্ণতা সে যে আমারই গৌরব।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা,
আশা তার একমাত্র ভেলা।

১১। (ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিষয়ে দুই বন্ধুর মধ্যকার কথোপকথন তুলে ধর। ১০

অথবা, (খ) 'মাদকাসক্তির কুফল' বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) সময়ের মূল্য;
(খ) বিজয় দিবসের তাৎপর্য;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) বিজ্ঞানের সুফল ও কুফল;
(ঙ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে পদ্মা সেতু।।

## যশোর বোর্ড ২০২৪

[সেট : ০২] বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
উদ্বেগ, স্মরণীয়, দ্রষ্টব্য, ঐশ্বর্য, ঔপন্যাসিক, আহ্বান, প্রতিজ্ঞা, ব্যতিক্রম।

২। (ক) প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
উচ্ছাস, মুমুর্ষ, শিরচ্ছেদ, মনোপুত, বিভিষন, নুন্যতম, হীনমন্যতা।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
ii) অধিক ভোজন অনুচিত।
iii) আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।
iv) যথা ধর্ম, তথা জয়।
v) সবাই রাঙামাটি যেতে চাইছে।
vi) মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
vii) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।
viii) হে বন্ধু, বিদায়।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে"- আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
বনস্পতি, জয় পতাকা, অভূতপূর্ব, যথারীতি, সপ্তর্ষি, কাজল কালো, বাজিকর, অহিনকুল।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) সত্য কথা না বলে বিপদে পড়েছি। (যৌগিক)
ii) এখনই ডাক্তার ডাকা উচিত। (অনুজ্ঞাবাচক)
iii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)
iv) বাংলাদেশের চিরস্থায়িত্ব কামনা করি। (ইচ্ছাসূচক)
v) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)
vi) বৃষ্টির অভাবে ফসল নষ্ট হবে। (জটিল)
vii) শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
viii) শীতের পিঠা খেতে খুব মজা। (বিস্ময়সূচক)

৬। (ক) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ : ৫
বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যে কোনো শুভ উদ্যোগকে জানাই সুস্বাগত।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i) তিনি সম্ভ্রান্তশালী বংশে জন্মেছেন।
ii) রবীন্দ্রনাথের প্রতিভা ভয়ঙ্কর।
iii) দুর্বিসহ যন্ত্রণায় ভুগছি।
iv) অদ্যবধি তাহার দেখা নাই।
v) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
vi) হাটে কলস ভাঙা।
vii) অন্যায়ের ফল দুর্নির্বার্য।
viii) সব পাখিরা নীড় বাঁধে না।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Dialect, Appendix, Brand, Catalogue, Fundamental, Governing body, Handicraft, Concession, Forecast, Terminology, Violation, Walk-out, Refugee, Union, Millennium.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Trees are our best friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্‌যাপন বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) ডেঙ্গুজ্বর প্রতিরোধ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার বন্ধুর জন্মদিনে শুভেচ্ছা জানিয়ে তাকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কলেজে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
সময় ও স্রোত কারও অপেক্ষায় বসে থাকে না। চিরকাল চলতে থাকে। সময়ের নিকট অনুনয় কর, একে ভয় দেখাও, ভ্রুক্ষেপও করবে না, সময় চলে যাবে আর ফিরবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়; কিন্তু সময় একবার গত হয়ে গেলে আর ফিরে আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না কেন, গত সময় কখনও ফিরে আসবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) প্রদত্ত সংকেত অনুসরণে 'আজ সফলতার সিঁড়িতে' শিরোনামে খুদে গল্প রচনা কর : ১০
জীবন বড়ই বিচিত্র। লিমার এমন একদিন ছিল, যখন প্রতিবেলা খাবার খাওয়ার মতো অর্থ তার ঘরে ছিল না। জীবনে কঠোর পরিশ্রম করে আজ একটা ভালো চাকরি করে সে। বাবা-মা বড় দুঃখে মানুষ করেছে..........

অথবা, (খ) 'মেট্রোরেল যোগাযোগ ব্যবস্থার মাইলফলক'— এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা;
(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) পদ্মা সেতু ও অর্থনৈতিক উন্নয়ন;
(ঘ) স্বদেশপ্রেম;
(ঙ) কর্মমুখী শিক্ষা ।

## কুমিল্লা বোর্ড ২০২৪

[সেট : ০৪] বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ব্যতীত, সন্ধ্যা, দক্ষ, মৃন্ময়, শাশ্বত, কন্যা, যুগ্ম, অজ্ঞান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাংখা, শান্তনা; কৃচ্ছতা, সমিচীন, ভীষন, নুন্যতম, শ্রেণী, টুর্নামেন্ট।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
বাড়িতে সেদিন কুটুম এসেছিল, সঙ্গে এসেছিল এক গাদা রসগোল্লা আর সন্দেশ। প্রকাশ্য ভাগটা প্রকাশ্যে খেয়ে ভাঁড়ার ঘরে গোপন ভাগটা মুখে পুরে চলেছি, কোথা থেকে সে এসে খপ করে হাত ধরে ফেলল। রাগ করে মুখের দিকে তাকাতে সে এমন ভাবে হাসল যে লজ্জা পেলাম।

৪। (ক) "উপসর্গের স্বাধীন কোনো অর্থ নেই, কিন্তু অর্থ-দ্যোতকতা আছে।"— ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দম্পতি, আয়কর, মুখচন্দ্র, প্রবচন, তেপান্তর, অকালপক্ব, যথারীতি, দোমনা।

৫। (ক) সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক? আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) তাহার মন একবারে কাঠ হইয়া গেল। (নেতিবাচক)
ii) যদি পড়াশোনা না কর, তাহলে ভবিষ্যৎ অন্ধকার। (যৌগিক)
iii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
iv) মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। (অস্তিবাচক)
v) তার আভাস পেতাম কিন্তু নাগাল পেতাম না। (জটিল)
vi) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়ে অধম। (সরল)
vii) গভর্নমেন্ট বাড়িটা রিকুইজিশন করেছে। (প্রশ্নবাচক)
viii) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) কীর্তিবাস বাংলায় রামায়ণ লিখেছেন।
ii) আপনি স্ববান্ধবে আমন্ত্রিত।
iii) কারো আভ্যন্তরীণ ব্যাপারে কথা বলা উচিত নয়।
iv) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাবো।
v) মিমাংসিত বিষয়ে বিরোধিতা করা উচিত নয়।
vi) সে এ মামলায় সাক্ষী দিয়েছে।
vii) শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।
viii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
কক্সবাজারের দীর্ঘতম সমুদ্র সৈকত অত্যন্ত মনমুগ্ধকর। আমরা সকল বন্ধুরা মিলে সেখানে গিয়েছিলাম। সমুদ্র সৈকতের তীরে সূর্যাস্ত দেখে অভিভূত হয়েছি। এর সৌন্দর্যতা উপভোগ করে বুঝিতে পারলাম যে কক্সবাজার প্রকৃত অর্থেই বিশ্ব ঐতিহ্যের অংশ।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Prefix, Notice board, Dialect, Agenda, Editor, Humanity, Basic-pay, Justice, Catalogue, Memorandum, Penal Code, Octave, Refugee, Deed of gift, Public works.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Trees help us in different ways. It gives us shade, food, fuel, medicine and Oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation program successful.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্‌যাপনের উপর একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) তোমার কলেজের ছাত্রাবাস সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) সম্প্রতি তোমার পড়া কোনো বই সম্পর্কে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিস সহকারী' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
স্বাধীন হবার জন্য যেমন সাধনার প্রয়োজন, তেমনি স্বাধীনতা রক্ষার জন্য প্রয়োজন সত্যনিষ্ঠা ও ন্যায়পরায়ণতার। সত্যের প্রতি শ্রদ্ধাবোধহীন জাতি যতই চেষ্টা করুক, তাদের আবেদন-নিবেদনে ফল হয় না। যে জাতির অধিকাংশ ব্যক্তি মিথ্যাচারী, সেখানে দু'চারজন সত্যনিষ্ঠকে বহু বিড়ম্বনা সহ্য করতে হয়, দুর্ভোগ পোহাতে হয়। কিন্তু মানুষ ও জাতি হিসেবে মাথা তুলে দাঁড়াতে হলে সে কষ্ট সহ্য না করে উপায় নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

১১। (ক) ফেসবুকের অতিরিক্ত ব্যবহারের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের শিরোনাম অনুসারে একটি খুদে গল্প লেখ :
'নানা রঙের দিনগুলি'

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(ঙ) যুদ্ধ নয়, শান্তি।

SURE SUCCESS

## চট্টগ্রাম বোর্ড ২০২৪

[সেট : ০২] বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
বিবাহ, জ্ঞাতি, শ্রাবণ, অসীম, পর্যন্ত, স্বরাজ, পথ-বাসী, ব্যাকরণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে 'অ-তৎসম' শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
উপরোক্ত, আর্শিবাদ, সাবলম্বন, কিংবদন্তী, শ্বশুরবাড়ী, স্বরস্বতী, দূর্দম, প্রবাহমান।

৩। (ক) আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) বিপদ কখনো একা আসে না।
ii) বাহ! আমাদের মেয়েরা দারুণ খেলেছে।
iii) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
iv) আর আমি লজ্জায় জানালার বাহিরে মুখ বাড়াইয়া প্রকৃতির শোভা দেখিতে লাগিলাম।
v) ও রকম বিনয়ের চেয়ে অহংকারের পৌরুষ অনেক অনেক ভালো।
vi) অতএব আমাদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে।
vii) ফুল কি ফোটে নি শাখে?
viii) কিন্তু উত্তেজনায় উঠে বসলাম।

৪। (ক) উপসর্গ কাকে বলে? 'অনু' ও 'পরি' উপসর্গযোগে দুটি করে শব্দ গঠন কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
জন্মান্তর, দম্পতি, অপর্যাপ্ত, সপ্তর্ষি, পুষ্পাঞ্জলি, সবিনয়, উনপাঁজুরে, ক্ষুরধারা।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) 'মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া মামার মন ভার হইল। (সরল)
ii) তোমার সুখ কামনা করছি। (প্রার্থনাসূচক)
iii) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)
iv) শৈশবে তার বাবা মারা যায়। (জটিল)
v) আমরা স্টেশনে পৌঁছে খবর পেলাম ট্রেন ছেড়ে চলে গেছে। (যৌগিক)
vi) আমার নিবাস নাই। (জটিল)
vii) আমি গ্রাহ্য করিলাম না। (অস্তিবাচক)
viii) শম্ভুনাথ এ কথায় যোগ দেওয়া থেকে বিরত থাকলেন। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) ঐক্যতান রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতা।
ii) নিরোগী লোক আসলেই সুখী।
iii) সূর্য উদয় হয়েছে।
iv) আজ ঝড়বৃষ্টির সমূহ সম্ভাবনা আছে।
v) পরিশ্রম করে তার শারিরীক অবস্থা শোচনীয়।
vi) অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহলী হওয়া অনুচিত।
vii) এ পরিবারটি আমাদের এলাকায় সমৃদ্ধশালী পরিবার।
viii) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্য দেখাতে সে সর্বদা সুসচেষ্ট। মাঝে মাঝে সভ চলাকালীন সময়ে সে দাঁড়িয়ে পরে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে। অনেকেই তাকে নিয়ে হাসি তামাসা করে। সে নিজের দৈন্যতা বুঝতে পারে না।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Relationship, Fundamental, Appearance, Hostage, Consequence, Existentialism, Superintendent, Miscreant, Colony, Bankrupt, Lease, Decimal, Ethics, Myth, War-crime.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
We are social beings and have to consider to our behaviour on others. There are two terms to describe our social behaviour– etiquette and manners. Etiquette means the rules of correct behaviour in society. The word manner means the behaviour to be polite in particular society or culture. Everybody should earn two terms in his character.

৮। (ক) তোমার কলেজে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপনের উপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) "যুব সমাজের নৈতিক অবক্ষয়" শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) কক্সবাজার সমুদ্রসৈকতে বেড়ানোর অনুভূতি জানিয়ে তোমার প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম। হিন্দু-মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা আমার এ পথের অন্যতম উদ্দেশ্য। মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল সেখানে ধর্মের বৈষম্য, কেনো হিংসার দুশমনির ভাব আনে না। যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রয়োজনে যে মরিতে প্রস্তুত, বাঁচিবার অধিকার তারই।

১১। (ক) কারিগরি শিক্ষার গুরুত্ব নিয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
মঞ্চের দিকে পুরস্কার নিতে ধীর পায়ে এগিয়ে চলল সোহেলী। চারদিকে তুমুল করতালি। কিন্তু তার চোখে অশ্রু। সে.....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(খ) সাম্প্রতিক যুদ্ধ এবং এর প্রভাব;
(গ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ;
(ঘ) মুক্তিযুদ্ধের চেতনা;
(ঙ) স্মার্ট বাংলাদেশ।

## বরিশাল বোর্ড ২০২৪

[সেট : ০২] বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অভিমান, একাডেমি, অদ্বিতীয়, দক্ষ, ব্যবধান, পদ্ম, মর্যাদা, কবিতা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানে ই-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
দায়ীত্ব, মনিষা, সন্যাসী, ষ্টেডিয়াম, কর্মজীবি, শ্রেণী, লবন, গ্রন্থাবলী।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) বিরাট <u>দুঃসাহসেরা</u> দেয় যে উঁকি।
ii) <u>অনেকক্ষণ</u> ধরে মাঠে হাঁটছি।
iii) <u>আহা!</u> বেচারার কত কষ্ট।
iv) <u>রোগা</u> মানুষ সমস্ত রাত খেতে পাবে না।
v) মামার মন <u>নরম</u> হইল।
vi) <u>মানুষ-ধর্ম</u> সবচেয়ে বড় ধর্ম।
vii) <u>বেশ,</u> তাই হবে।
viii) নাচতে না <u>জানলে</u> উঠোন বাঁকা।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।'- ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
রাজভয়, বিষাদসিন্ধু, চতুষ্পদ, পথে-ঘাটে, আমরণ, যুগান্তর, প্রাণচঞ্চল, জনাকীর্ণ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা প্রয়োজন? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) মানুষ অমর নয়। (অস্তিবাচক)
ii) জাহাজ ছেড়ে দিল, আমরা বিছানা করে শুয়ে পড়লাম। (জটিল)
iii) ফল পাবে কিন্তু তার জন্য পরিশ্রম করতে হবে। (সরল)
iv) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
v) এ কথা স্বীকার করতেই হয়। (নেতিবাচক)
vi) দশ মিনিট পর ঘাটে নৌকা ভিড়ল। (যৌগিক)
vii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
viii) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) আমি সাক্ষী দিব না।
ii) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে।
iii) বাড়িটা তাহারা দখল করেছে।
iv) আমার কথাই শেষ পর্যন্ত প্রমাণ হলো।
v) সে সভায় উপস্থিত ছিলেন।
vi) বিনুদাদার ভাষাটা ভয়ঙ্কর আঁট।
vii) মাদকাশক্তি ভালো নয়।
viii) সব বিষয়ে বাহুল্যতা বর্জন করবে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
শুধুমাত্র বেঁচে থাকাই মানুষের জীবনের লক্ষ্য নয়। মানুষের উচিত অপরের কল্যাণে নিজেকে আত্মোৎসর্গ করা। সার্থপরতার মধ্যে কোনো সুখ নেই। আমৃত্যু পর্যন্ত একে অপরের মঙ্গলসাধনের লক্ষ্যে ব্রতী হওয়া প্রয়োজন।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Academy, Booklet, Capital, Farce, Delta, Urban, Vacation, Dynamic, Vision, Mythology, Ordinance, Payee, Wit, Legend, Isolation.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Family is the first school where the child learns his lessons. The first lessons are very essential for developing his mind. He sees, hears and begins to learn in his family. Family builds his character. In a good family honest and healthy men are made.

৮। (ক) একটি নৌকা ভ্রমণের বর্ণনা দিয়ে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) মোবাইল ফোন ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ দিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি ও প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে অধ্যক্ষের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।
দেশে দেশে কত-না নগর রাজধানী—
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে। বিশাল বিশ্বের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতি ক্ষুদ্র তারি এক কোণ।
সেই ক্ষোভে পড়ি গ্রন্থ ভ্রমণবৃত্তান্ত আছে যাহে
অক্ষয় উৎসাহে—
যেথা পাই চিত্রময়ী বর্ণনার বাণী
কুড়াইয়া আনি।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) মাদকাসক্তির কুফল ও এর প্রতিকার বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) ডিজিটাল বাংলাদেশ;
(গ) জাতীয় জীবনে বিজয় দিবসের তাৎপর্য;
(ঘ) পরিবেশ দূষণ : কারণ ও প্রতিকার;
(ঙ) জ্যোৎস্নাশোভিত রাত।

SURE SUCCESS

## দিনাজপুর বোর্ড ২০২৪

[সেট : ০৪] বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা — **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** — পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পর্যন্ত, মধ্যাহ্ন, জিহ্বা, দেখা, ধন্যবাদ, জয়ধ্বনি, স্মৃতি, এক।

২। (ক) বাংলা একাডেমি কর্তৃক প্রণীত প্রমিত বানানের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শান্তনা, নুন্যতম, আকাংখা, সমিচিন, দারিদ্রতা, স্বরস্বতি, মুমুর্ষু, পূর্বাহ্ন।

৩। (ক) উদাহরণসহ বিশেষণের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষ্য চিহ্নিত কর :
বিষয়ের গভীরতা উপলব্ধি করা বাঞ্ছনীয়। তা না হলে মানুষ হিসেবে নিজেকে শ্রেষ্ঠ দাবি করা অবান্তর মনে হয়। আমরা জানি, যেকোনো দক্ষতা একজন ব্যক্তির বিশেষ গুণ। কিন্তু সেরূপ কিছু অর্জনের জন্য সভা-সমিতির সদস্য হওয়া জরুরি নয়। অজস্র লোকেই এ-কথা বুঝতে অক্ষম।

৪। (ক) উপসর্গের সংজ্ঞা দাও। বিদেশি উপসর্গ ব্যবহার করে পাঁচটি শব্দ গঠন কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
আমরণ, হরতাল, স্মৃতিসৌধ, পকেটমার, দেশান্তর, প্রভাত, অনৈক্য, রাজপথ।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? অর্থগতভাবে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) ফরিয়াদি প্রসন্ন গোয়ালিনী। (যৌগিক)
ii) তুমিই কাজটি করতে পারতে। (প্রশ্নবোধক)
iii) যিনি বিদ্বান তিনি সৎ লোক। (সরল)
iv) সে কাল আসবে, তারপর আমি যাব। (জটিল)
v) হৈম কোনো কথা কহিল না। (অস্তিবাচক)
vi) নদীটি অনেক সুন্দর। (বিস্ময়সূচক)
vii) সময় নষ্ট করা উচিত নয়। (অনুজ্ঞাসূচক)
viii) সৎ লোকের ভয় নেই। (জটিল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) তোমার কথা প্রমাণ হয় নি।
ii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
iii) বিদ্যান দুর্জন হলেও পরিত্যাগ কর।
iv) প্রাণী সম্পর্কে জানতে চাইলে প্রাণীবিদ্যা পড়।
v) শুধুমাত্র টাকা হলেই বিদ্যা অর্জন হয় না।
vi) করোনাকালীন সময়ে পাঠদানে শিক্ষকদের ভূমিকা ছিল প্রশংসনীয়।
vii) অন্ন নষ্ট করে কী লাভ?
viii) বিজয় দিবসে শ্রদ্ধাঞ্জলী দাও।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ইদানীংকালে রাত জেগে অনেক শিক্ষার্থীরাই নিজেদেরকে ফেসবুকে আসক্ত করে ফেলেছে। ভয়ানক মেধাবীরাও এই অভিশাপ থেকে মুক্ত নয়। লেখাপড়ায় মনোযোগি হতে না পেরে পরীক্ষায় কাঙ্খিত ফলাফল অর্জিত হচ্ছে না।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Globalization, Rank, Note, Pay-Bill, Legend, Brand, Foreign-Aid, Registration, Ballot, Public, Nationalism, Deed, Myth, Walk-Out, Zoom.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Human life is very short. But many people put off the work for tomorrow, they can do today. Men do not know what will happen tomorrow. So we must not spend a single moment in vain. To kill time is to shorter life. Remember that human life is nothing but the collection of moments.

৮। (ক) একুশের প্রথম প্রহর– উদ্‌যাপনের বর্ণনা দিয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) পরিবেশ রক্ষায় বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) বন্ধুর পিতৃবিয়োগে সমবেদনা জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) ডেঙ্গু মশার প্রাদুর্ভাবের আশঙ্কা জানিয়ে নিয়মিত কলেজ ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখার জন্য অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) ভাব-সম্প্রসারণ কর : ১০
"তুমি অধম– তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?"

অথবা, (খ) সারাংশ লেখ :
চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, মানুষ যদি মানুষকে শ্রদ্ধা করে, সে শুধু তার চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হওয়ার দরকার নেই। জগতে যে সকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবের মূলে এ চরিত্রশক্তি। তুমি চরিত্রবান ব্যক্তি এ কথার অর্থ এ নয় যে, তুমি শুধু লম্পট নও– তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ কর। তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং স্বাধীনতাপ্রিয়– চরিত্রবান মানে এই।

১১। (ক) বিশ্বকাপে বাংলাদেশের ক্রিকেট খেলার সফলতা ও ব্যর্থতা জানিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি অবলম্বনে একটি খুদে গল্প লেখ :
সবুজ শ্যামল বাংলা মায়ের সোনালি ফসলের মাঠ আজ কংক্রিটের চাপায় পিষ্ট ....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) যুদ্ধ নয়, শান্তি;
(খ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান ও প্রযুক্তি;
(গ) স্বদেশপ্রেম;
(ঘ) পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) মেট্রোরেল : নগরজীবনের নতুন দিগন্ত।

SURE SUCCESS

## ময়মনসিংহ বোর্ড ২০২৪

[সেট : ০৪] বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ 'ব'-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঐশ্বর্যবান, উদ্যোগ, বিজ্ঞান, পদ্ম, একাডেমি, ব্রাহ্মণ, আহ্বান, অতঃপর।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাঙ্খা, প্রাতঃভ্রমণ, সলজ্জিত, সম্মানীয়, নুন্যতম, ব্যবহারজীবি, আনুষাঙ্গিক, সর্বস।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) বাঃ! চমৎকার একটা দৃশ্য দেখলাম।
ii) আমাদের দেশের প্রাকৃতিক সৌন্দর্য অতুলনীয়।
iii) সে নিজে অঙ্কটা করেছে।
iv) তুমি আর আমি প্রতিদিন কলেজে যাই।
v) ছেলেটা জোরে চিৎকার করে উঠল।
vi) নীল আকাশের নিচে বসে আছি।
vii) আগামীকাল তুমি একবার এসো।
viii) ময়না পাখি কথা বলতে পারে।

৪। (ক) উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দম্পতি, মনগড়া, হাসাহাসি, জনমানব, রক্তকমল, সপ্তর্ষি, বিশ্রি, প্রশান্তি

৫। (ক) একটি সার্থক বাক্যের গুণাবলি আলোচনা কর। ৫

অথবা,(খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) মাতৃভূমির সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
ii) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)
iii) এ পৃথিবী অস্থায়ী। (নেতিবাচক)
iv) এখানে এসেই সে বসে পড়ল। (যৌগিক)
v) দেশপ্রেমিককে সকলেই ভালোবাসে। (প্রশ্নবোধক)
vi) জ্ঞানীরাই সত্যিকার ধনী। (জটিল)
vii) যে লোক দুর্জন, সে পরিত্যাজ্য। (সরল)
viii) কী মজার গল্প! (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) সভায় সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।
ii) আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।
iii) পাহাড়ের সৌন্দর্যতা আমাকে বিমুগ্ধ করে।
iv) লাবণ্য অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।
v) মামলায় সে সাক্ষী দিবে।
vi) সারাজীবন ভাতের বেগার খেটে মরলাম।
vii) উপরে উল্লিখিত বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করছি।
viii) অফিস চলাকালীন সময়ে হর্ন বাজাবেন না।

অথবা,(খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ। দারিদ্র্যতা আমাদের দেশের প্রধান সমস্যা নয়। তাই জাতীয় জীবনে উন্নতির জন্য কৃচ্ছতা সাধন, সখ্যতা ও ঐক্যমত দরকার।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autonomous, Bond, Deed of gift, Idiom, Justice, Quarantine, Republic, Vocation, Tally, Leaflet, Uniform, Sanction, Weekend, Fundamental, Zonal office.

অথবা,(খ) বাংলায় অনুবাদ কর :
Patriotism is a good virtue. It is a strong, unselfish and noble sentiment. It gives courage and strength to preserve freedom, democracy and human rights. A true patriot can sacrifice his life for his own country. False patriotism makes a man selfish.

৮। (ক) তোমার কলেজে অনুষ্ঠিত মহান বিজয় দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা,(খ) তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার দেখা কোনো সড়ক দুর্ঘটনার বিষয় জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন পত্র প্রেরণ কর। ১০

অথবা,(খ) শিক্ষাভ্রমণে যাওয়ার অনুমতি ও আর্থিক সহায়তা চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের বরাবর একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষের সুন্দর মুখ দেখে আনন্দিত হয়ো না। স্বভাবে যে সুন্দর নয়, দেখতে সুন্দর হলেও তার স্বভাব, তার স্পর্শ, তার রীতি-নীতিকে মানুষ ঘৃণা করে। দুঃস্বভাবের মানুষ মানুষের হৃদয়ে জ্বালা এবং বেদনা দেয়, তার সুন্দর মুখে মানুষ তৃপ্তি পায় না। অবোধ লোকেরাই মানুষের রূপ দেখে মুগ্ধ হয় এবং তার ফল ভোগ করে। যার স্বভাব মন্দ, সে নিজেও দুষ্ক্রিয়াশীল, মিথ্যাবাদী, দুর্মতিকে ঘৃণা করে। মানুষ নিজে স্বভাবে সুন্দর না হলেও সে স্বভাবের সৌন্দর্যকে ভালোবাসে।

অথবা,(খ) ভাব-সম্প্রসারণ কর :
দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

১১। (ক) শব্দদূষণের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা,(খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ :
জকি অনেক জমির মালিক। জীবনের নেশাও যেন তার শুধু জমি কেনা। তার স্ত্রী তাকে জমি কেনা থেকে বারণ করতে পারছে না। তাদের একমাত্র মেয়ে জুহির পড়াশুনার দিকেও সে নজর দিতে পারছে না। জমি বিক্রির খবর পেলেই সে বিক্রেতার সাথে যোগাযোগ করতে……

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্মার্ট বাংলাদেশ;
(খ) অমর একুশে;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) শিষ্টাচার;
(ঙ) শিক্ষাক্ষেত্রে তথ্য-প্রযুক্তির ব্যবহার।

SURE SUCCESS

# ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা — **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** — পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ ম-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
চর্যাপদ, রাষ্ট্রপতি, প্রত্যাশা, সংবাদপত্র, তন্বী, চিত্রকল্প, অন্য, উদ্বেগ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
পরজীবি, স্বরস্বতী, ইতিমধ্যে, মনজোগ, মহিয়সী, নিরস, উপরোক্ত, মণিষি।

৩। (ক) আবেগ-শব্দ বলতে কী বোঝ? আবেগ-শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
- i) বিপদ কখনও একা আসে না।
- ii) আজ নয় কাল তাকে আসতেই হবে।
- iii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?
- iv) গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে।
- v) মোদের গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা।
- vi) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
- vii) শাবাশ! দারুণ কাজ করেছ।
- viii) সানজিদা দ্রুত দৌড়াতে পারে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
নীপবৃক্ষ, শতবর্ষ, হরতাল, গিন্নিমা, রক্তারক্তি, সজল, সত্যাসত্য, তোরা।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
- i) তিনি ধনী হলেও অসাধু নন। (জটিল)
- ii) পৃথিবী অস্থায়ী। (নেতিবাচক)
- iii) সত্যি সেলুকাস, এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
- iv) তুমি দীর্ঘজীবী হও। (নির্দেশক)
- v) তার বয়স হলেও শিক্ষা হয়নি। (যৌগিক)
- vi) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
- vii) আইন মেনে চলা উচিত। (অনুজ্ঞাসূচক)
- viii) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) দৈন্যতা প্রশংসনীয় নয়।
- ii) দশচক্রে ঈশ্বর ভূত।
- iii) শুধুমাত্র কথায় কাজ হবে না।
- iv) তার কথাই প্রমাণ হলো।
- v) তিনি স্বস্ত্রীক এসেছেন।
- vi) রিমা ভয়ঙ্কর মেধাবী।
- vii) করোনাকালীন সময়ে আমরা কোথাও যাইনি।
- viii) পরবর্তীতে এ বিষয়ে কথা হবে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
সেদিন বাবুল স্যার বললেন, "তোমরা পড়ালেখায় মনোযোগি হও। চর্চা না করিলে বানান ভূল হবেই। বিদ্যান, সমিচিন বানান দুটো ঠিক করে লেখো তো।"

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Sabotage, Zodiac, Will, Realism, Oath, Nomination, Liberal, Kingdom, Jail-code, Immigrant, Globalisation, Geology, Fiction, Era, Biography.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Time is valuable. It is even more valuable than money. We can regain lost money, we can regain lost health, but time once gone is gone for ever. So every moment of life should be use properly."

৮। (ক) তোমার কলেজে 'বসন্তবরণ' পালিত হয়েছে। ঐদিনের বর্ণনা দিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার গণগ্রন্থাগারের অবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার রাস্তাঘাট নিয়মিত পরিষ্কার রাখার জন্য পৌরসভার মেয়রের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
বার্ধক্য তাহাই যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে। বৃদ্ধ তাহারাই যাহারা মায়াচ্ছন্ন, নব-মানবের অভিনব জয়যাত্রার শুধু বোঝা নয়, বিঘ্ন; শতাব্দীর নবযাত্রীর চলার ছন্দে ছন্দ মিলাইয়া যাহারা কুচকাওয়াজ করিতে জানে না, পারে না; যাহারা জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়িয়া পড়িয়া আছে। বৃদ্ধ তাহারাই যাহারা নব-অরুণোদয় দেখিয়া নিদ্রাভঙ্গের ভয়ে দ্বার রুদ্ধ করিয়া পড়িয়া থাকে। আলোক-পিয়াসী প্রাণচঞ্চল শিশুদের কল-কোলাহলে যাহারা বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে, জীর্ণ পুঁথি চাপা পড়িয়া যাহাদের নাভিশ্বাস বহিতেছে, অতি জ্ঞানের অগ্নিমান্দ্যে যাহারা আজ কঙ্কালসার বৃদ্ধ তাহারাই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
মনেরে আজ কহ যে,
ভালো মন্দ যাহাই আসুক
সত্যেরে লহ সহজে।

১১। (ক) অমর একুশে বইমেলা নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :
মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ছাত্ররা কলেজ প্রাঙ্গণে রক্তদান কর্মসূচির আয়োজন করেছে। এমন সময় সেখানে উপস্থিত হলেন সদর হাসপাতালের নতুন মেডিক্যাল আফিসার ডা. শায়লা.......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
- (ক) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ
- (খ) বিজ্ঞানের অগ্রগতি ও বিজ্ঞানমনস্ক সমাজ
- (গ) একুশের চেতনা ও বর্তমান বাংলাদেশ
- (ঘ) বাংলাদেশের পোশাক শিল্প
- (ঙ) করোনা-উত্তর বিশ্ব অর্থনীতি ও বাংলাদেশ।

# রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
নদী, ছাত্র, অক্ষর, অবিশ্বাস, ঐকতান, স্মরণীয়, গ্রাহ্য, উদাহরণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম দৃষ্টান্তসহ উল্লেখ কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অহোরাত্রি, স্ববান্ধব, নিরব, সুস্থ্য, আমাবস্যা, শুধুমাত্র, নির্দোষী, বন্দোপাধ্যায়।

৩। (ক) উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ পদগুলোর ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
আজ সারাদিন আকাশ <u>সাদা</u> মেঘে ঢাকা। মৃদু <u>বাতাস</u> বইছে। রাজিব <u>ভাঙা</u> ছাতা নিয়ে রাস্তায় দাঁড়িয়ে। আমি জানালায় দাঁড়িয়ে আপন মনে গান <u>গাইছি</u>। <u>উহ্</u>! বড্ড ঠান্ডা।

৪। (ক) উপসর্গ কাকে বলে? প্র, অপ, আ, সম, নি– উপসর্গগুলোর প্রত্যেকটি দ্বারা একটি করে শব্দ গঠন কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
হিতাহিত, আকণ্ঠ, শতাব্দী, ভাবান্তর, রাজপথ, মৃগনয়না, প্রাণপাখি, গৃহস্থ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা প্রয়োজন? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) সূর্যোদয়ে অন্ধকার কেটে যাবে। (জটিল)
ii) বিপদ ও দুঃখ একসাথে আসে। (সরল)
iii) মন দিয়ে লেখাপড়া করা উচিত। (অনুজ্ঞা)
iv) আমাকে যেতে হবে। (নেতিবাচক)
v) নদীটি খুব সুন্দর। (বিস্ময়সূচক)
vi) যিনি জ্ঞানী, তিনিই সত্যিকার ধনী। (সরল)
vii) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবাচক)
viii) তিনি আর বেঁচে নেই। (যৌগিক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) সব পাখিরা নীড় বাঁধে না।
ii) পরীক্ষা চলাকালীন সময়ে ভিতরে প্রবেশ নিষেধ।
iii) এ বারের বন্যায় লোকটি সর্বশান্ত হলো।
iv) আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না।
v) 'অপরাহ্ন' শব্দটি লিখতে অনেকেই ভুল করেন।
vi) মাতাহীণ শিশুর কী দুঃখ!
vii) তাঁর সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
viii) আমি, তুমি ও সে আজ মেলায় যাবো।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
পলাশের ছোট ভগ্নি বকুলের আজ বিয়ে। পলাশ আমার সবচেয়ে ঘনিষ্টতম বন্ধু। এ বিয়েতে সে আমাকে স্বপরিবারে নিমন্ত্রণ করলো। বরের বাড়িতে বিবাহোত্তর বর-কনের সম্বর্ধনা অনুষ্ঠানেও সে আমাকে উপস্থিত থাকার আহ্বানর জানালো। আশা করি, আসছে আগামীকাল আমরা ঐ বিয়ের অনুষ্ঠানে যোগদান করবো।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
First-aid, Manuscript, Public-works, Transport, Boycott, Art, Acid, Quack, Para, Renew, Signal, Urban, Vaccine, Zone, E-mail.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Books are man's best companions in life. You must have very good friends but you can't get them when you need them. But books are always ready to be by your side. Some books may make you laugh, some other may give you much pleasure. So we cannot be complete without books.

৮। (ক) পদ্মা সেতু দর্শনের অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি নিয়ে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বন্ধুর পিতৃবিয়োগে তাকে সান্ত্বনা জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাভ্রমণে যাওয়ার অনুমতি ও এ ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রার্থনা করে তোমার কলেজ-অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
সত্যিকার মানবকল্যাণ মহৎ চিন্তা-ভাবনারই ফসল। বাংলাদেশের মহৎ প্রতিভারা সবাই মানবিক চিন্তা আর আদর্শের উত্তরাধিকার রেখে গেছেন। দুঃখের বিষয়, সে উত্তরাধিকারকে আমরা জীবনে প্রয়োগ করতে পারিনি। বিদ্যাপতি-চণ্ডীদাস থেকে লালন প্রমুখ কবি এবং অপেক্ষাকৃত আধুনিককালে রবীন্দ্রনাথ-নজরুল সবাই তো মানবিক চেতনার উদাত্ত কণ্ঠস্বর। বঙ্কিমচন্দ্রের অবিস্মরণীয় উক্তি : "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" এক গভীর মূল্যবোধেরই উৎসারণ।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রকৃতির উপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রীর সম্বন্ধ।

১১। (ক) 'জ্ঞানচর্চায় বিজ্ঞান' বিষয়ের উপর দুই বন্ধুর মধ্যকার সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) "মানুষ মানুষের জন্য"– এ শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখ : ২০

(ক) জাতীয় উন্নয়নে তথ্য-প্রযুক্তি
(খ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন
(গ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঘ) স্বপ্নের পদ্মা সেতু
(ঙ) বাংলাদেশের উৎসব।

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) ব-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পর্যন্ত, বিজ্ঞাপন, অধ্যক্ষ, ব্যতিক্রম, গণতন্ত্র, দুঃখ, অসহ্য, গ্রহণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
বাংগালী, দূরাবস্থা, মহত্ব, বাঞ্চনীয়, ইতিপূর্বে, শান্তনা কথোপোকোথন, মুমূর্ষ।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়া পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় কর :

i) পায়ে হাঁটা পথ ধরে সোজা এগিয়ে চললাম।
ii) দারুণ সুন্দর দেখতে।
iii) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।
iv) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
v) সবাই রাঙামাটি যেতে চাইছে।
vi) বিপদ কখনও একা আসে না।
vii) বেশ, তাই হবে।
viii) কাজটা ভালোভাবে সম্পন্ন হয়েছে।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"— ব্যাখ্যা কর। ৫

SURE SUCCESS

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
একচোখা, ছিন্নবস্ত্র, ফুলকুমারী, জলচর, উদ্বেল, তেপান্তর, অভূতপূর্ব, একাদশ।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) দুর্জনকে দূরে রাখা উচিত। (অনুজ্ঞাবাচক)
ii) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
iii) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবাচক)
iv) সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
v) রচনায় সহজবোধ্য শব্দ ব্যবহার করা উচিত। (অনুজ্ঞা)
vi) শীতের পিঠা খেতে খুব মজা। (বিস্ময়সূচক)
vii) যা তার প্রাপ্তি তাই তার দান। (সরল)
viii) বাংলাদেশ চিরস্থায়ী হোক। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) আমি সাক্ষী দিব না।
ii) এক পৌষে শীত যায় না।
iii) সব পাখিরা ঘরে আসে না।
iv) আমি সন্তোষ হলাম।
v) দৈন্যতা সবসময় ভালো নয়।
vi) অপমান হবার ভয় নেই।
vii) তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন।
viii) তাহাকে এখান থেকে যাইতে হবে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
বৃষ্টি চলাকালীন সময়ে অসীম ফিরে এল। সে খুবই সুবুদ্ধিমান। তার আপাদমস্তক পর্যন্ত ভেজা। পোশাক পাল্টানো আবশ্যকীয়। কিন্তু প্রথমেই সে আকণ্ঠভোজন করিল। তা দেখে অসীমের মা বিস্মিত হলেন। তবে, অসীম নিঃসন্দিহান যে, তার অসুখ হবে না।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acting, Cabinet, Copyright, Documentary, Forecast, Hostage, Instalment, Judgement, Manifesto, Note, Public works, Vacation.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Our total environment influences our life and our way of living. The main elements of our human environment are men, animals, plants, soil, air and water. There are relationships between these elements. When these relationships are disturbed, life becomes difficult or impossible.

৮। (ক) বাংলা নববর্ষ উদযাপনের অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'শীতার্ত মানুষের দুঃসহ জীবন' শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) পরীক্ষায় ভালো ফলাফল করার উৎসহ দিয়ে ছোট ভাইকে একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি ও আর্থিক সাহায্য চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষের একটা বড় পরিচয় সে ভাবতে পারে। করতে পারে যে-কোনো বিষয়ে চিন্তা। সে চিন্তা ও ভাব মানুষকে সাহায্য করে মানুষ হতে। পশু-পাখিকে পশু-পাখি হতে ভাবতে হয় না– পারেও না ওরা ভাবতে বা চিন্তা করতে। সে বালাই ওদের নেই– যেটুকু পারে তার পরিধি অত্যন্ত সংকীর্ণ– বাঁচা ও প্রজননের মধ্যে তা সীমিত। সভ্য-অসভ্যের পার্থক্যও এ ধরনের। যারা যত বেশি চিন্তাশীল, সভ্যতার পথে তারাই তত বেশি অগ্রসর। আর চিন্তার ক্ষেত্রে যারা পেছনে পড়ে আছে, সভ্যতারও পেছনের সারিতেই তাদের স্থান।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রাণ থাকলে প্রাণী হয় কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১। (ক) একুশের চেতনা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপকটি অনুসরণে একটি খুদে গল্প লেখ।
সবুজ শ্যামল এই প্রকৃতিকে উজাড় হতে দেখে বেদনায় তৃণার মনটা কেঁদে ওঠে......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) জাতীয় জীবনে মুক্তিযুদ্ধের চেতনা
(খ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন ও কৃষক
(গ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও তার প্রতিকার
(ঘ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্প।

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঐকতান, বিজ্ঞান, ঔপন্যাসিক, ছাত্র, অসীম, প্রধান, পরীক্ষা, কবি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
পুরষ্কার, নুপুর, স্নেহাশীস, সমিচিন, মুমুর্ষ, সুষ্ঠ, আকাংখা, বুদ্ধিজিবী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :
একটু <u>মিটমিট</u> করিয়া <u>ক্ষুদ্র</u> আলো জ্বলিতেছে— দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ <u>নাচিতেছে।</u> আহার প্রস্তুত হয় নাই— এজন্য <u>হুঁকা</u> হাতে, নির্মীলিত লোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, <u>তবে</u> ওয়াটারলু জিতিতে পারিতাম কিনা।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'— বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
পৃষ্ঠপ্রদর্শন, মায়েঝিয়ে, উপকূল, লাঠালাঠি, ধর্মঘট, দম্পতি, পঙ্কজ, যৌবনসূর্য।

৫। (ক) গঠনরীতির আলোকে বাক্যের প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাবাচক)
ii) আমার পথ দেখাবে আমার সত্য। (জটিল)
iii) সেই বাঁশির সুর খুব মিষ্টি। (বিস্ময়সূচক)
iv) জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)
v) যেহেতু বৃষ্টি হয়েছে, সেহেতু ফসল ভালো হবে। (সরল)
vi) সকলেই ফুল ভালোবাসে। (প্রশ্নবাচক)
vii) আমি তোমার মঙ্গল কামনা করি। (প্রার্থনাসূচক)
viii) এমন কথা সে মুখে আনিতে পারিত না। (অস্তিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) পরবর্তীতে আপনি আবার আসবেন।
ii) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
iii) কারো ফাগুনমাস, কারো সর্বনাশ।
iv) দ্রব্যমূল্যের দাম ক্রমবর্ধমান।
v) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
vi) কথাটি প্রমাণ হয়েছে।
vii) আজকাল খাঁটি গরুর দুধ বড়ই দুর্লভ।
viii) পরীক্ষা চলাকালিন হর্ন বাজানো নিষেধ।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
উদয়মান সূর্যকে সবাই সমীহ করে। অস্তমান সূর্যকে কেউ সমীহ করে না। নদীর জলে যে অস্তমান সূর্যের ছায়া পড়েছে তা দেখে আমি প্রীত হলাম। আমি প্রতিদিন নদীর কোলে বসি। নদীর হাওয়া সাস্তের পক্ষে ভালো।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acid, Balcony, Catalogue, Data, Ethics, Goods, Headline, Idiom, Legend, Option, Racism, Memorandum, Neutral, Sponsor, Quality.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Walking is the best suited to all kinds of health. Both the young and the old can walk and help their bodies make active as long as they live. On the other hand, gymnastic exercises are best suited to young people only. However, today most doctors advise some patients, suffering from particular diseases, for jogging.

৮। (ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে তোমার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি বিষয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষে শুভেচ্ছা জানিয়ে বন্ধুর উদ্দেশ্যে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি ওঠে খরখড়্গ সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণ সম দহে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১। (ক) নারী শিক্ষার গুরুত্ব বিষয়ে বাবা ও মেয়ের সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'এক বিকেল' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বাংলাদেশের অর্থনীতিতে পদ্মা সেতুর অবদান
(খ) আধুনিক তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ
(গ) বাংলাদেশের পোশাক শিল্প
(ঘ) মাদকাসক্তি ও তরুণ সমাজ
(ঙ) মুক্তিযুদ্ধের চেতনা ও বাংলাদেশ।

SURE SUCCESS

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

## বাংলা দ্বিতীয় পত্র

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ :
বঞ্চিত, ভরসা, অদ্বিতীয়, অধ্যক্ষ, লক্ষ, অরণ্য, আহ্বান, প্রভাত।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
মনোপুত, আবিস্কার, শ্রদ্ধাঞ্জলী, সমিচীন, পৈত্রিক, অনুসুয়া, ভুবন, সুধি।

৩। (ক) উদাহরণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর :
পদ্মাসেতু আর মেট্রোরেল বাংলাদেশের দুটি যুগান্তকারী সাফল্য। প্রমত্ত পদ্মার বুকে অভাবনীয় গৌরবের প্রতীক পদ্মাসেতু। পক্ষান্তরে মেট্রোরেল ঢাকা মহানগরীর দুর্বিষহ যানজট নিরসনে নতুন সংযোজন। গৌরবময় এই দুটি সাফল্য জাতি হিসেবে বাংলাদেশকে সুদৃঢ় সাহস আর আত্মবিশ্বাসে জাগ্রত করেছে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'— আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
অনৈক্য, ছেলেমেয়ে, যথারীতি, দেশান্তর, আশীবিষ, মৌমাছি, কুম্ভকার, পঞ্চনদ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) সে চুপ রইল। (নেতিবাচক)
ii) দেশপ্রেমিক ব্যক্তি দেশকে ভালোবাসে। (যৌগিক)
iii) আমি মিথ্যা বলিনি। (অস্তিবাচক)
iv) বিদ্বানকে সবাইকে শ্রদ্ধা করে। (প্রশ্নবাচক)
v) স্বাস্থ্যের প্রতি যত্নশীল হওয়া উচিত। (অনুজ্ঞাসূচক)
vi) ভোরের বাতাস নির্মল। (বিস্ময়সূচক)
vii) শিক্ষক আসা মাত্রই শিক্ষার্থীরা উঠে দাঁড়াল। (জটিল)
viii) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়? (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ সংশোধন কর : ৫
বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা বিচিত্রময়। তার শ্রেষ্ঠতম সৃষ্টি যেমন 'বিদ্রোহী' কবিতা, তেমনি অশ্রুজলে ভেজা অনেক বিরহের গানও তিনি লিখেছেন। তার সৃষ্টিকর্ম বাংলা ভাষাকে বৈচিত্রভাবে সমৃদ্ধ করেছে। সব শিশুরা নজরুলের কবিতা ভালোবাসে। কবির প্রতি আমাদের অকুণ্ঠ শ্রদ্ধাঞ্জলী।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i) সাধারণ ভুল বুঝতে না পারা লজ্জাস্কর।
ii) পড়ালেখার প্রতিযোগীতা থাকা ভালো।
iii) দৈন্যতা কোনোকালেই প্রশংসনীয় নয়।
iv) মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলো।
v) ভূল লিখতে ভুল করো না।
vi) সব পাখিগুলো উড়ে চলে গেল।
vii) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
viii) মেয়েটি বিদ্যান কিন্তু ঝগড়াটে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Walkout, Vehicle, Dialogue, Ethics, Generation, Highway, List, Mail, Plant, Manuscript, Quantity, Renew, Skill, Tradition, Urban.

অথবা, নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর :
Trees are our friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

৮। অমর একুশে গ্রন্থমেলা ২০২৩ এর সমাপনী দিবস নিয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, তোমার কলেজে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ভূমিকম্পকালীন করণীয় সম্পর্কে বন্ধুর প্রতি একটি ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি চেয়ে অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
বিদ্যা মানুষের মূল্যবান সম্পদ। চরিত্র তদপেক্ষাও মূল্যবান। অতএব কেবল বিদ্বান বলিয়াই কোনো লোক সমাদর লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে না। চরিত্রহীন ব্যক্তি যদি নানা বিদ্যায় আপনার জ্ঞানভাণ্ডার পূর্ণ করিয়াও থাকে, তথাপি তাহার সঙ্গ পরিত্যাগ করাই শ্রেয়। প্রবাদে আছে যে, সর্পের মাথায় মণি থাকিলেও সে ভয়ঙ্কর। সেইরূপ বিদ্যা আদরণীয় হইলেও বিদ্যালাভের নিমিত্তে বিদ্বান দুর্জনের নিকট গমন বিধেয় নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) একটি ঐতিহাসিক স্থান সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) গ্রীষ্মকালীন ছুটিতে গ্রামের বাড়িতে বেড়ানো বিষয়ে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) দেশপ্রেম
(খ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি
(গ) অধ্যবসায়
(ঘ) বাংলাদেশের সাম্প্রতিক উন্নয়ন
(ঙ) নারীর ক্ষমতায়ন।

SURE SUCCESS

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
উল্লাস, ঐকতান, আবশ্যক, চিহ্নিত, স্বাগত, প্রণীত, ব্যতীত, নক্ষত্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
উচ্চাস, সম্বর্ধনা, শুশ্রুষা, বয়ঃজেষ্ঠ্য, দূরাবস্থা, সৃষ্ট, বাল্মিকী, পৈত্রিক।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর :
"আব্বু ছোটোমামা হয়েছে। আব্বু ছোটোমামা হয়েছে।" আড়াই বছরের মেয়ের সদ্য-ঘুমভাঙা গলায় ভাঙা ভাঙা বুলি শুনে সে চমকে ওঠে, মিন্টু কি ঢুকে পড়লো অস্ত্রশস্ত্র হাতে? এর মানে পিছে পিছে ঢুকছে মিলিটারি। তার মানে—। না, দরজার ছিটকিনি ও খিল সব বন্ধ। তাকে কি মিন্টুর মতো দেখাচ্ছে? মিলিটারি আবার ভুল করে বসবে না তো? এর মধ্যে তার পাঁচ বছরের ছেলেটা গম্ভীর চোখে তাকে পর্যবেক্ষণ করে রায় দেয়, "আব্বুকে ছোটোমামার মতো দেখাচ্ছে। আব্বু তা হলে মুক্তিবাহিনী, তাই না?"

৪। (ক) উপসর্গের সংজ্ঞা দাও। বাংলা শব্দ গঠনে উপসর্গের ভূমিকা লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
ধনদৌলত, সতীর্থ, জয়পতাকা, গায়েহলুদ, তেপান্তর, অতীন্দ্রিয়, রাজপথ, প্রগতি।

৫। (ক) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারের উদাহরণসহ সংজ্ঞা লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞাবাচক)
ii) দেশপ্রেমিককে কে না ভালোবাসে। (নির্দেশাত্মক)
iii) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
iv) শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক)
v) দরিদ্র হলেও তার মন ছোট নয়। (যৌগিক)
vi) মানবতার ধর্মই বড় ধর্ম। (প্রশ্নবোধক)
vii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
viii) যেমন কর্ম করবে তেমন ফল পাবে। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
ii) অন্যায়ের প্রতিফল দুনির্বার্য।
iii) বেগম রোকেয়ার মতো বিদ্বান নারী এ কালেও বিরল।
iv) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
v) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
vi) মাদকাসক্তি ভালো নয়।
vii) অপমান হবার ভয় নেই।
viii) প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্যতা দেখাতে সে সর্বদা সচেষ্ট। এ লক্ষে বিনা প্রয়োজনে মিটিং চলাকালীন সময়েও সে যখন-তখন দাঁড়িয়ে পড়ে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে সে। নিজের দৈন্যতা সে বুঝতেই পারে না কখনো। তাই নিজ অহংকারবোধ নিয়েই চলতে থাকে সে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Hygiene, Token, Biography, Aid, Deputation, Eye-wash, Racism, Quack, Oath, Cartoon, War crime, Galaxy, Up-to-date, Justice, Legend.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
In the modern world woman have proved that they can go ahead with men shoulder to shoulder. It is not that their only duty is to serve as a mother and wife. They have many things to do there remain many ways open for them.They can work in offices, schools, colleges and universities. They have formed a great asset for the nation.

৮। (ক) তোমার কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির কারণ ও তার প্রতিকারের উপায় সম্পর্কে দৈনিক পত্রিকায় প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন পত্র প্রেরণ কর। ১০

অথবা, (খ) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস সহকারীর শূন্য পদে নিয়োগের জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জ্ঞান যে বাহুতে বল দেয়, জ্ঞানের তাই শ্রেষ্ঠ ফল নয়; জ্ঞানের চরম ফল যে তা চোখে আলো দেয়। জনসাধারণের চোখে জ্ঞানের আলো আনতে হবে, যাতে মানুষের সভ্যতার যা সব অমূল্য সৃষ্টি,– তার জ্ঞান-বিজ্ঞান, তার কাব্যকলা,– তার মূল্য জানতে পারে। জনসাধারণ যে বঞ্চিত, সে কেবল অন্ন থেকে বঞ্চিত বলে নয়, তার পরম দুর্ভাগ্য যে সভ্যতার এইসব অমৃত থেকে বঞ্চিত। জনসাধারণকে যে শেখাবে একমাত্র অন্নই তার লক্ষ্য, মনে সে তার হিতৈষী হলেও, কাজে তার স্থান জনসাধারণের বঞ্চকের দলে। পৃথিবীর যেসব দেশে আজ জনসংঘ মাথা তুলেছে, জনসাধারণের মধ্যে শিক্ষার প্রচারেই তা সম্ভব হয়েছে। তার কারণ কেবল এই নয় যে, শিক্ষার গুণে পৃথিবীর হালচাল বুঝতে পেরে জনসাধারণ জীবনযুদ্ধ জয়ের কৌশল আয়ত্ত করেছে। এর একটি প্রধান কারণ সংখ্যার অনুপাতে জনসাধারণের সমাজে শক্তি লাভের যা গুরুতর বাধা অর্থাৎ সভ্যতা লোপের আশঙ্কা, শিক্ষিত জনসাধারণের বিরুদ্ধে সে বাধার ভিত্তি ক্রমশই দুর্বল হয়ে আসে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ :
বাড়ি বাড়ি ঘুরে কাজ করে আরজিনা বেগম। আরজিনার দুই ছেলে মোতালেব আর আলেপ। বিভিন্ন এনজিও থেকে চড়া সুদে ঋণ নিয়ে বড় ছেলে মোতালেবকে লেখাপড়া শিখিয়ে মানুষ করার আশা বুকে নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি করে। কিন্তু মাদকাসক্তির কারণে মোতালেব ...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বর্তমান বাংলাদেশ
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের দেশপ্রেম
(গ) রূপসী বাংলাদেশ
(ঘ) অধ্যবসায়
(ঙ) বাংলাদেশের পর্যটন শিল্পের ভবিষ্যৎ।

## বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

**বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র**

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঐশ্বর্য, আবৃত্তি, প্রেতাত্মা, দ্রষ্টব্য, উপমা, প্রশ্ন, দক্ষ, হিংস্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আবিস্কার, আকাংখা, মুহুর্ত, মনিষী, ঐক্যতান, শ্রদ্ধাঞ্জলী, প্রতিদন্দ্বি, অপোরাহ্ন।

৩। (ক) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দ নির্দেশ কর :

i) তুমি যে আমার কবিতা।
ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
iii) বুঝিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
iv) যথা ধর্ম, তথা জয়।
v) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
vi) চাহিয়া দেখিলাম — হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না।
vii) বাঃ! বড় চমৎকার ছবি এঁকেছ তো।
viii) ধান ভানতে শিবের গীত গেয়ো না।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"— আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দম্পতি, আমরা, আয়কর, যুগান্তর, রাজপথ, সপ্তর্ষি, গৃহকর্মী, যথেষ্ট।

৫। (ক) গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)
ii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
iii) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
iv) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)
v) আমার পথ দেখাবে আমার সত্য। (জটিল)
vi) তাতে সমাজ জীবন চলে না। (অস্তিবাচক)
vii) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)
viii) অন্যায় করো না। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) অশ্রুজলে বুক ভেসে গেল।
ii) আসছে আগামীকাল কলেজ খুলবে।
iii) এক পৌষে শীত যায় না।
iv) একের লাঠি, দশের বোঝা।
v) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।
vi) অতি লোভে তাতী নষ্ট।
vii) মাদকাশক্তি ভালো নয়।
viii) এটি লজ্জাস্কর ব্যাপার।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়। কোনো ভুল করিয়াছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা অস্বীকার করে নেব। কিন্তু না বুঝেও নয়, ভয়েও নয়। ভুল করছি বা না করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গো বজায় রাখার জন্য ভুলটাকে ধরে থাকব না। তাহলে আমার সেই নিই নিভে যাবে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
By-law, Forecast, Postpaid, Surplus, Bookpost, Stamp, Deed of gift, Embargo, Terminology, Up-to-date, Impeachment, Lien, Gratuity, Public works, Ethics.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Man is the architect of his own life. If he makes a proper division of his time and does his duties accordingly, he is sure to prosper in life. Youth is the golden season of life. In youth the mind can be moulded in any form. It is called seed time of life.

৮। (ক) তোমার কলেজে 'বসন্ত বরণ' উৎসব-এর একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো উচ্চ বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকরির জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) ভাব-সম্প্রসারণ কর : ১০
কালো আর ধলো বাহিরে কেবল,
ভিতরে সবারই সমান রাঙা।

অথবা, (খ) সারাংশ লেখ :
মানুষের মনেও যখন রসের আবির্ভাব না থাকে, তখনই সে জড়পিণ্ড। তখন ক্ষুধা-তৃষ্ণা-ভয়-ভাবনাই তাকে ঠেলে কাজ করায় তখন প্রতি কাজে পদে পদেই তার ক্লান্তি। সেই নিরস অবস্থাতেই মানুষ অন্তরের নিশ্চলতা থেকে বাইরেও কেবলি নিশ্চলতা বিস্তার করতে থাকে। তখনই তার যত খুঁটি-নাটি, যত আচার-বিচার, যত শাস্ত্র-শাসন। তখন মানুষের মন গতিহীন বলেই বাইরেও আষ্টেপৃষ্ঠে সে আবদ্ধ।

১১। (ক) সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে দুই বন্ধুর একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মোবাইল ফোনে বন্ধুত্বের পরিণাম' বিষয়ক একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০

(ক) শুদ্ধাচার
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও দেশপ্রেম
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প
(ঘ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান
(ঙ) বৈশ্বিক মহামারী : বাংলাদেশ।

SURE SUCCESS

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'ম-ফলা' উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
চর্যাপদ, চিহ্ন, সহস্র, ব্রাহ্মণ, প্রতিজ্ঞা, নবজাত, আহ্বান, ইতঃপূর্বে।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
বিদ্যান, পিপিলিকা, বাল্মিকি, শান্তনা, ষ্টেশন, পরাণ, সর্বশান্ত, ধ্বংস।

৩। (ক) ক্রিয়ার শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর :

i) এ মাসে নয়, আগামী মাসে তুমি যাবে।
ii) বাংলাদেশ আমাদের মাতৃভূমি।
iii) বাহ্! কী সুন্দর দৃশ্য।
iv) হঠাৎ গুঁড়িগুঁড়ি বৃষ্টি শুরু হলো।
v) সুখ কে না চায়?
vi) লাল রঙের ফুলে ছেয়ে গেছে বাগান।
vii) নজরুল তো আর দুজন হয় না।
viii) সোনার তরী বিখ্যাত গ্রন্থ।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
মায়েঝিয়ে, গুরুভক্তি, জাদুকর, হাতাহাতি, খেয়াঘাট, কুসুমকোমল, ত্রিভুবন, দেশান্তর।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) পুলিশের লোক জানিবে কী করিয়া? (নেতিবাচক)
ii) ভুল সকলেই করে। (প্রশ্নবাচক)
iii) বিপদে ধৈর্য ধরা উচিত। (অনুজ্ঞাসূচক)
iv) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
v) চুপ করো। (নির্দেশাত্মক)
vi) মেঘ হলে বৃষ্টি হবে। (জটিল)
vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
viii) যাদের বুদ্ধি নেই, তারাই একথা বিশ্বাস করবে। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) মেয়েটি বিদ্বান হলেও ঝগড়াটে।
ii) অতি লোভে গাঁজন নষ্ট।
iii) আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি।
iv) সূর্য উদয় হয়েছে।
v) গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
vi) দৈন্যতা প্রশংসনীয় নয়।
vii) বিধি লঙ্ঘন হয়েছে।
viii) মাতাহীন শিশুর কী দুঃখ!

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
এবার স্যার আমাদের ওপর রাগিয়া গেলেন। তিনি বললেন, "তোমরা এস, এস, সি, পাশ করিলে কী করে? গিতাঞ্জলী, মুহুর্ত, দন্দ ইত্যাদি বানান পর্যন্ত ভুল কর।"

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Key-word, Academy, Galaxy, Index, Bail, Manuscript, Dialect, Newspaper, Jail, Oath, Fundamental, Headline, Equality, Leaflet, Controller.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The present world we live in is a global village. The countries of the world are now like the homes of a village. The countries are like the next door neighbour to one another. We can immediately know what happens in other countries. And we can also share their joys and sorrows with them.

৮। (ক) বাংলা নববর্ষ কীভাবে উদ্‌যাপন করেছ তার ওপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) তোমার বোনের বিয়েতে আমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের উপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে; মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।

১১। (ক) ভূমিকম্পের ভয়াবহতা নিয়ে দুই বন্ধুর কথোপকথন তুলে ধর। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অবলম্বনে 'লোভের পরিণাম' শীর্ষক একটি খুদে গল্প রচনা কর।
**গল্প সংকেত :** স্থানীয় কৃষি অফিস থেকে প্রশিক্ষণ নিয়ে একটি ফলের বাগান করে রমিজ। ...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মানবকল্যাণে বিজ্ঞান
(খ) মাতা-পিতার প্রতি কর্তব্য
(গ) মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প
(ঙ) পদ্মা সেতু ও অর্থনৈতিক উন্নয়ন।

SURE SUCCESS

## ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঊনসত্তর, জয়ধ্বনি, সৌন্দর্য, অন্নপূর্ণা, আসক্তি, প্রজাপতি, হিতৈষী, বিশেষজ্ঞ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শিরোমনি, ইতিমধ্যে, পল্লীগ্রাম, দূর্বলতা, প্রত্নতাত্তিক, প্রানপুরুষ, ব্যাবহার, সোনালী।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ নির্বাচন কর :
সকালে মা তার ঘুমন্ত শিশুকে জাগিয়ে গরম দুধ খাওয়ালেন। এরপর আড়াই বছরের অবুঝ শিশুটিকে নিয়ে বাগানে লাল লাল ফুল দেখালেন। সদ্যোজাত ফুলগুলো ছিল চমৎকার। ঝকঝকে রোদে পরিবেশও ছিল সুখকর।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
অনতিবৃহৎ, যুবজানি, নবযৌবন, গরমিল, বাহুলতা, গল্পপ্রেমিক, দোমনা, চিরসুখী।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) যে লোক চরিত্রহীন সে পশুর চেয়েও অধম। (সরল)
ii) তিনি থাকতে কোনো জিনিসের অভাব ছিল না। (জটিল)
iii) প্রণাম করে পায়ের ধুলা নিলাম। (যৌগিক)
iv) কিন্তু তারা তো নেই। (অস্তিবাচক)
v) মানুষের তৈরি দুর্যোগেও অনেক ক্ষতি করে। (নেতিবাচক)
vi) সময় নষ্ট না করে কাজটা শুরু করে দেয়া যাক। (অনুজ্ঞাবাচক)
vii) জোড়াতালি দিয়ে কোনো সমস্যারই সমাধান করা যায় না। (প্রশ্নবোধক)
viii) যদি ভুলগুলো শুধরে নিতে পারতাম। (বিস্ময়সূচক)

৬। (ক) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ : ৫
ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দরা মনে করেন আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে, যা ইতিপূর্বে অত্র প্রতিষ্ঠানে কোনো শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি। মা-বাবাও স্বপ্ন অবলোকন করেন, ছেলেটি একদিন তাদের জীবনে বয়ে আনবে সুনাম ও স্বাচ্ছন্দ্য।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
i) আবশ্যকীয় বিছানাপত্র নিয়ে আসবেন।
ii) আমার এ কাজে মনোযোগীতা নেই।
iii) আমি গীতাঞ্জলী পড়েছি।
iv) তোমার দ্বারা সে অপমান হয়েছে।
v) গণিত শাস্ত্র সকলের নিকট নিরস নহে।
vi) তিনি তোমার বিরুদ্ধে স্বাক্ষী দেবেন।
vii) তাহারা বাড়ি যাচ্ছে।
viii) যাবতীয় লোকসমূহ সভায় উপস্থিত ছিল।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Ability, Gain, Myth, Plant, Motion, Pole, Orbit, Debt, Capital, Deed, Civil, Valid, Global, Rank, Legend.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in our country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He also makes them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) কোনো একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের দিনলিপি তৈরি কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা ও তার প্রতিকার বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) নববর্ষের শুভেচ্ছা জানিয়ে প্রিয় বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শহরের যানজট নিরসনে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০

"জোটে যদি মোটে একটি পয়সা
খাদ্য কিনিও ক্ষুধার লাগি'
দুটি যদি জোটে তবে অর্ধেকে তার
ফুল কিনে নিও, হে অনুরাগী।
বাজারে বিকায় ফল তণ্ডুল;
যে শুধু মিটায় দেহের ক্ষুধা
হৃদয় প্রাণের ক্ষুধা নাশে ফুল,
দুনিয়ার মাঝে সেই তো সুধা।"

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

"মনেরে আজ কহ যে
ভালো-মন্দ যাহাই আসুক সত্যরে লও সহজে।"

১১। (ক) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'প্রত্যাশা' শিরোনামে একটি গল্প তৈরি কর : ১০
বাস থেকে নামতেই বিরাট শহরের বৈচিত্র্য দেখে অনেকটাই ভয় পেয়ে গেল শামীম। এখানেই তাকে থাকতে হবে। আনমনে ভাবছিলো সে। হঠাৎ একটা রিকশা এসে থামলো তার পাশে। সে অবাক হয়ে দেখলো একজন ভদ্রলোক তার দিকেই তাকিয়ে আছে.....

অথবা, (খ) "নৈতিকতার গুরুত্ব" নিয়ে দুই সহপাঠীর মধ্যে সংলাপ রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর : ২০
(ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য
(খ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি
(গ) নারীশিক্ষা ও জাতীয় উন্নয়ন
(ঘ) মাদকাসক্তি ও তার প্রতিকার
(ঙ) শৈশব স্মৃতি।

# ঢাকা বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : | 1 | 0 | 2 |

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,(খ) প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

২। (ক) সর্বনাম পদ কাকে বলে? সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

কালান্তর, মিশকালো, সিংহাসন, প্রভাত, হাতেখড়ি, তেপায়া, উপকণ্ঠ, রাজপুত্র।

৩। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

i) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।

ii) সাবধান পূর্বক চলবে।

iii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

iv) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

v) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।

vi) কুপুরুষের মতো কথা বলছো কেন?

vii) বৃক্ষটি সমূরসহ উৎপাটিত হয়েছে।

viii) তৎকালীন সময়ে তার ভূমিকা সমালোচিত হয়।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Acting, Ballot, Cartoon, Deed, Public works, Hood, Light year, Sabotage.

অথবা,(খ) বাংলায় অনুবাদ কর :

He who loves his country is a patriot. The patriots love their country more dearly than their lives. They are ready to lay down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.

৫। (ক) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'অফিসার পদে' নিয়োগলাভের জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা,(খ) তোমার কলেজে উদযাপিত 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' উপলক্ষে একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারাংশ লেখ : ১০

আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা,(খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

৭। (ক) করোনা ভাইরাসের বিস্তাররোধে সতর্কতা বিষয়ে দুই শিক্ষার্থীর সংলাপ রচনা কর। ১০

অথবা,(খ) প্রদত্ত গল্পসংকেত অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :

ইচ্ছে থাকলে উপায় হয় কথাটি কতটুকু বাস্তব তার প্রমাণ আমাদের গাঁয়ের মেয়ে সুমনা...

# রাজশাহী বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) উদাহরণসহ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

শান্তনা, দৈণ্যতা; জাজ্জল্যমান; মুমুর্ষ; প্রতিদন্দ্বি; ফটোষ্টেট; দূর্বিসহ; হীনমন্যতা।

২। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

দম্পতি; সপ্তডিঙা; প্রভাষক; আয়তলোচনা; কুসুমকোমল; কবিগুরু; যথারীতি; উদ্বেল।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনে কী কী বৈশিষ্ট্য থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i) তাকে দেখে আমি আশ্চর্য হয়েছি।

ii) বিধি লঙ্ঘন হয়েছে।

iii) চোখে হলুদফুল দেখছি।

iv) একথা প্রমাণ হয়েছে।

v) তিনি স্বপরিবারে ঢাকা থাকেন।

vi) তার পানিতে সমাধি হয়েছে।

vii) দেশের উন্নয়নের গতি ত্বরান্বিত করার জন্য সকল পর্যায়ে কৃচ্ছ্রতা সাধন দরকার।

viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

### খ বিভাগ (নির্মিতি)–৩০

SURE SUCCESS

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Audio; Copyright; Dynamic; Bankrupt; Hoarder; Reform; Isolation; Study.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Nothing is useless in the world. Even the commonest things we see around us have also their uses. The rocks we have frequented, may hide a rich mine. A divine intention underlines creation. There is nothing low, nothing mean.

৫। (ক) কোনো বেসরকারি কলেজ 'প্রভাষক' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর। ১০

অথবা, (খ) 'তোমার এলাকার কোনো সড়কের দুরবস্থা'-র উপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

সবারে বাসিব ভালো, করিব না আত্ম-পর ভেদ
সংসারে গড়িব এক নতুন সমাজ।
মানুষের সাথে কভু মানুষের রবে না বিচ্ছেদ–
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।
দেশে দেশে যুগে যুগে কত যুদ্ধ কত না সংঘাত,
মানুষে মানুষে হলো কত হানাহানি।
এবার মোদের পুণ্যে সমুদিবে প্রেমের প্রভাত
সোল্লাসে গাহিবে সবে সৌহার্দ্যের বাণী।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

৭। (ক) "উচ্চশিক্ষা স্তরে 'বিষয়' নির্বাচনের গুরুত্ব" প্রসঙ্গে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) উপযুক্ত শিরোনামসহ নিচের সংকেত অনুসরণে একটি খুদে গল্প লেখ :

চার ভাই-বোনের মধ্যে রাজু সবার বড়। সবকিছুই ঠিকঠাক চলছিল। পিতার আকস্মিক মৃত্যুতে সবকিছু এলোমেলো হয়ে যঅয়। একদিকে নিজের উচ্চশিক্ষা, অন্যদিকে... ... ...

# যশোর বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) দৃষ্টান্তসহ 'য' ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

আকাংখা, ইতিপূর্বে, কথপোকোথন, বিদুষি, জাজ্জল্যমান, নুন্যতম, মুমূর্ষ, বুদ্ধিজীবি।

২। (ক) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

অহিনকুল, উর্ণনাভ, শশব্যস্ত, অনাশ্রিত, কলেরগান, প্রবচন, উদ্বেল, ত্রিভুজ।

৩। (ক) বাক্য কাকে বলে? গঠনগতভাবে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

i) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
ii) মাদকাশক্তি ভাল নয়।
iii) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।
iv) নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।
v) ষড়ঋতুর সমারোহের দেশ বাংলাদেশ।
vi) জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
vii) তিনি আদালতে মিথ্যা সাক্ষী দিয়েছেন।
viii) সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।

### খ বিভাগ (নির্মিতি)–৩০

SURE SUCCESS

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Autonomous, Ethics, Fine-Arts, Green room, Hostile, Journal, Manuscript, White-Paper.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Our life is short. But we have to do many things. Human life is nothing but the collection of moments. So we must not spend a single moment in vain. To kill time is to shorten life.

৫। (ক) কোনো বেসরকারি ব্যাংকের সিনিয়র অফিসার পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বরাবর একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার দেখা 'একুশের বইমেলা' সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ, সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই, প্রীতি নেই, করুণার
আলোড়ন নেই–
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

সাহিত্য সমাজের দর্পণস্বরূপ।

৭। (ক) বৈশ্বিক উষ্ণতা ও বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :

এখন পৌষ মাস। কাকলি গ্রামে বেড়াতে এসেছে। সেদিনই গ্রামের স্কুল মাঠে বসেছিল পৌষের পিঠামেলা। মেলায় ঘুরতে এসে কাকলির দৃষ্টি আটকে গেল...

# কুমিল্লা বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

নুন্যতম, দূরবস্থা, শিরচ্ছে, হিনমন্যতা, মুমুর্ষ, শশ্মান, শান্তনা, ইতিমধ্যে।

২। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেদ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

যুগান্তর, শিক্ষক, নদীমাতৃক, চরণকমল, সবান্ধব, শতাব্দী, পদ্মা-মেঘনা-যমুনা, উপকণ্ঠ।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যে কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

i) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
ii) এক পৌষে শীত যায় না।
iii) ঘটনাটি অত্যান্ত লজ্জাকর।
iv) শিক্ষক অন্যান্য বিষয়সমূহের আলোচনা করলেন।
v) তিনি বাঙালির সর্বশ্রেষ্ঠ সন্তান।
vi) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
vii) আমার বাড়ি ঢাকায় নয়, ময়মনসিংহ।
viii) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Secular, Irrigation, Dynamic, Agenda, Provost, Cabinet, Nationalism, Memorandum.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Time is very precious. It should not be neglected. The man who make good use of time is sure to succeed. All the famous person of the world made good use of time. We should follow them.

৫। (ক) মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে চাকরির জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে, যদি না চাহে
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
উর্ধ্বে দুহাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

৭। (ক) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'স্বনির্ভরতার জন্য চাই ইচ্ছাশক্তি' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

# চট্টগ্রাম বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—২০

১। (ক) উদাহরণসহ বাংলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

সমিচিন, বিভিষন, অপেক্ষমান, পূননির্মাণ, ঐক্যমত, প্রতিযোগীতা, স্বামীগৃহ, কটুক্তি।

২। (ক) উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

রক্তনদী, দোটানা, উচ্ছৃঙ্খল, বইপুস্তক, কুম্ভকার, সেতার, যুগান্তর, কানাকানি।

৩। (ক) গঠনগত দিক থেকে বাক্য কত প্রকার? উদাহরণসহ বাক্যের প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) স্যারের কথা প্রমাণ হয়েছে।
ii) একের লাঠি দশের বোঝা।
iii) সকাল সকাল চারাগুলো বপন করা হয়ে গেল।
iv) অপরাহ্ন লিখতে কেউ কেউ ভূল করে।
v) সকল ছাত্ররাই দেশের ভবিষ্যৎ।
vi) প্রাণীবিজ্ঞানের তিনজন শিক্ষকই গুণীসমাবেশে যাবেন।
vii) বেপরোয়া গাড়ি চালাবেন না।
viii) সকাল হইতে বৃষ্টি হচ্ছে।

### খ বিভাগ (নির্মিতি)—৩০

SURE SUCCESS

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Accessories, Autograph, Caption, Fiction, Extimate, Virus, Guilty, Hygiene.

অথবা,(খ) বাংলায় অনুবাদ কর :

He who loves his country is a patriot. The patriots Like Bangabandhu Sheikh Mujibur Rahman love their country more dearly than their own lives. They are ready to lie down their lives for the welfare of their country. Everybody honours them. They live even after their death.

৫। (ক) একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে "কম্পিউটার অপারেটর" পদে চাকরির জন্য আবেদনপত্র রচনা কর। ১০

অথবা,(খ) "মেঘনায় লঞ্চডুবি, ৩০০ জনের সলিল সমাধি" শিরোনামে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা—
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখ-তাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,
দুঃখ যেন করিতে পারি জয়।
সহায় মোর না যদি জুটে,
নিজের বল না যেন টুটে—
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা।
নিজের মনে না যেন মানি ক্ষয়।
আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা—
তরিতে পারি শক্তি যেন রয়।

অথবা,(খ) ভাব-সম্প্রসারণ কর :

রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

৭। (ক) 'করোনাকালে অনলাইনে শিক্ষাকার্যক্রম' বিষয়ে দু'জন শিক্ষার্থীর সংলাপ রচনা কর। ১০

অথবা,(খ) প্রদত্ত সংকেতটি পড়ে শিরোনামসহ একটি খুদে গল্প রচনা কর :

এইখানে আসলে থমকে যায় নাদিমের মনটা। দশ বছর আগে ঠিক এখানেই বাবার সাথে তার শেষ দেখা হয়েছিল।...

# সিলেট বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) উদাহরণসহ 'ব'-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

শ্রমজিবী, ফটোষ্ট্যাট, মরিচীকা, পানিনী, নমষ্কার, সহযোগীতা, ইতিমধ্যে, উচ্ছাস।

২। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ক্রিয়া পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

রাজপথ, অনাশ্রিত, গ্রামান্তর, দিগ্বিদিক, উপনদী, সেতার, অহিনকুল, উদ্বেল।

৩। (ক) বাক্য কাকে বলে? একটি আদর্শ বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

i) আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা অনুচিত।
ii) তাহারা মাঠে খেলা করছে।
iii) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
iv) বিরাট গরু-ছাগলের হাট।
v) প্রথম সাক্ষী মিথ্যা সাক্ষী দিয়েছে।
vi) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
vii) গাছে কাঁঠাল মাথায় তেল।
viii) সে সভায় উপস্থিত ছিলেন।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Auction, Dialect, Urban, Copyright, Prepaid, Booklet, Nursery, Xerox.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Bengali language has a glorious tradition. In this country, students and people laid down their lives to keep the honour of our language. Those martyrs are the pride of our nation and history.

৫। (ক) কোভিড-১৯ মহামারীতে ক্ষতিগ্রস্ত তোমার এলাকার জনগণের সাহায্যের জন্য জেলা প্রশাসক বরাবর একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনার কারণ ও প্রতিকারের সুপারিশসহ একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে, যদি না চাহে
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দুহাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

৭। (ক) মাদকাসক্তির কুফল ও এর প্রতিকার বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

# বরিশাল বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

আনুষাঙ্গিক, বাংগালী, মহত্ব, দুরাবস্থা, ঐক্যমত, ইতিপূর্বে, নুন্যতম, আকাংখা।

২। (ক) উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

বাহুলতা, আদিগন্ত, সহোদর, দম্পতি, তেপান্তর, নদীমাতৃক, জ্যোৎস্নারাত, চিরসুখী।

৩। (ক) একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i) সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।
ii) দরিদ্রের কথা বাঁশি হলে ফলে।
iii) তাকে বাড়ি যাইতে দাও।
iv) ফলজ বৃক্ষ বেশি বেশি লাগাতে হবে।
v) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
vi) বাংলা বানান আয়ত্ব করা বেশ কঠিন।
vii) পরীক্ষার ফল প্রকাশ হয়েছে।
viii) অদ্যবধি তাহার দেখা নাই।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Acting, Biography, Documentary, Hygiene, Menifesto, Subsidy, Vacation, Warcrime.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Nothing is useless in the world. Even the commonest things we see around us have also their uses. The rocks we have frequented, may hide a rich mine. A divine intention underlines creation. There is nothing low, nothing mean.

৫। (ক) তোমার এলাকায় ডেঙ্গুজ্বর প্রতিরোধে ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে পৌরসভা মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের কাছে একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের ওপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারাংশ লেখ : ১০

জাতি শুধু বাইরের ঐশ্বর্য-সম্ভার, দালান-কোঠার সংখ্যা বৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায় আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনো শক্ত আর দৃঢ় হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লেই তবে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা। সব রকমের মূল্যবোধের বৃহত্তম বাহন ভাষা তথা মাতৃভাষা, আর তা ছড়িয়ে দেওয়ার দায়িত্ব লেখক ও সাহিত্যিকদের।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মিথ্যা শুনিনি ভাই
এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।

৭। (ক) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ নিয়ে একজন প্রবীণ মুক্তিযোদ্ধা ও একজন তরুণের মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অবলম্বনে 'ধৈর্যের ফল' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

গল্প সংকেত : ধৈর্য ধারণ করলে যেকোনো বিপদ থেকে উদ্ধার পাওয়া যায়।....

# দিনাজপুর বোর্ড ২০২২

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যে কোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

আকাংখা, ঔজল্য, পৈত্রিক, বৈয়াকরণিক, শান্তনা, শিরচ্ছেদ, দৈন্যতা, নুন্যতম।

২। (ক) কর্মপদ অনুসারে ক্রিয়ার শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

অনতিবৃহৎ, আলুনি, উদ্বেল, উপজেলা, গৃহান্তর, বিপত্নীক, দম্পতি, তেপায়া।

৩। (ক) বাক্যের গুণ বলতে কী বোঝ? একটি সার্থক বাক্যের গুণগত বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা,(খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ :

i) অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।

ii) সুশিক্ষিত ব্যক্তিমাত্রই সশিক্ষিত।

iii) অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।

iv) আবশ্যক ব্যয়ে কার্পণ্যতা অনুচিত।

v) এটা লজ্জাস্কর ব্যাপার।

vi) বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।

vii) নিরোগী লোক আসলে সুখী।

viii) সব ছাত্ররা উপস্থিত আছে।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Act, Legend, Dialect, Subsidy, Concession, Ad-hoc, Referendum, Quack.

অথবা,(খ) বাংলায় অনুবাদ কর :

Bengali Language has a glorious tradition. In this country, students and people laid down their lives to keep the honour of our Language. Those martyrs are the pride of our nation and history.

৫। (ক) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা,(খ) তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের অবস্থা সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

শুধু গাফলতে, শুধু খেয়ালের ভুলে,<br>
দরিয়া-অথই ভ্রান্তি নিয়াছি তুলে,<br>
আমাদেরি ভুলে পানির কিনারে মুসাফির দল বসি<br>
দেখেছে সভয়ে অস্ত গিয়াছে তাদের সেতারা, শশী।

অথবা,(খ) ভাব-সম্প্রসারণ কর :

অতৃপ্তিই অসুখের মূল।

৭। (ক) মরণব্যাধি 'করোনা' নিয়ে ডাক্তার ও রোগীর মধ্যে একটি সংলাপ লেখ। ১০

অথবা,(খ) 'মানুষ মানুষের জন্য' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

## ময়মনসিংহ বোর্ড ২০২২

### বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

### ক বিভাগ (ব্যাকরণ)–২০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

মনীসী, স্বাতন্ত্র, স্রোতস্বিনি, আকাংখা, অপোরাহ্ন, শ্রমজিবী, প্রতিযোগীতা, উচ্ছাস।

২। (ক) বিশেষণ পদ কাকে বলে? বিশেষণ পদ কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

আমরা, বিলাত ফেরত, জন্মান্ধ, পাপমতি, আলুনি, মনমাঝি, সেতার, নদীমাতৃক।

৩। (ক) বাক্য বলতে কী বোঝ? একটি সার্থক বাক্যের কয়টি গুণ ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :

i) সে শিরোপীড়ায় ভুগছেন।

ii) আমি স্বাক্ষী দিচ্ছি।

iii) সকল মানুষেরা ভুল করে থাকে।

iv) অতি লোভে গরিব নষ্ট।

v) তাহার সাথে আমার সখ্যতা রয়েছে।

vi) ছেলেটি পরীক্ষায় প্রথম হওয়ার জন্য আপ্রাণ চেষ্টা করিল।

vii) তিনি আরোগ্য হয়েছেন।

viii) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।

SURE SUCCESS

### খ বিভাগ (নির্মিতি)–৩০

৪। (ক) যেকোনো **পাঁচটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ৫

Goods, Note, Significant, Primitive, Portal, Manifesto, Bail.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Time is very valuable. To neglect it is not proper. The success of the man who makes the right use of his time is inevitable. All the famous men of the world have made the right use of time. We should follow them.

৫। (ক) কলেজ থেকে শিক্ষাসফরে যাওয়ার অনুমতি ও আর্থিক অনুদান চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৬। (ক) সারমর্ম লেখ : ১০

মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।
এই সূর্য করে এই পুষ্পিত কাননে
জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই।
ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত,
বিরহ মিলন কত হাসি-অশ্রুময়,
মানবের সুখে-দুঃখে গাঁথিয়া সংগীত
যদি গো রচিতে পারি অমর-আলয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

৭। (ক) সারা বিশ্বব্যাপী সংক্রমিত মহামারী কোভিড-১৯ এর ভয়াবহতা সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণ করে একটি খুদে গল্প রচনা কর :

মেয়েটি দৌড়াচ্ছিল। ট্রেন ছেড়ে দিয়েছে। ওদিকে মেয়েটির ব্যাগে সমানে মোবাইল ফোন বেজে চলেছে।

# ঢাকা বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অতীত, শ্রম, স্বাগত, আবৃত্তি, উদ্যোগ, দীনবন্ধু, বিজ্ঞান, ঐশ্বর্যবান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অতিথী, মনোপুত, আবিস্কার, পৈত্রিক, আকাংখা, স্বরস্বতী, বিভিষিকা, বুদ্ধীজিবী।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে – দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই – এজন্য হুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) : ৫
আত্মজা, কার্য, ছেলেমি, জ্যান্ত, দর্পণ, নবান্ন, শারীরিক, মিতালি।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
চিরসুখী, পলান্ন, বিশালাক্ষী, দেশান্তর, সাত-সতের, যথাবিধি, সপ্তর্ষি, মুখচন্দ্র।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
- i) জাদুঘর আমাদের আনন্দ দেয়। (প্রশ্নবোধক)
- ii) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)
- iii) আমরা পৌঁছে খবর পেলাম জাহাজ ছেড়ে চলে গেছে। (জটিল)
- iv) যারা দেশপ্রেমিক তারা দেশকে ভালোবাসে। (সরল)
- v) এ কথা স্বীকার করতেই হয়। (নেতিবাচক)
- vi) সর্বদা তার মনে দুঃখ। (বিস্ময়বোধক)
- vii) জীবে দয়া করা উচিত। (অনুজ্ঞাবাচক)
- viii) সূর্যোদয়ে অন্ধকার দূর হয়। (যৌগিক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
- i) মেয়েটি বেশ বুদ্ধিমান।
- ii) সব পাখিরা উড়ে গেল।
- iii) 'গীতাঞ্জলী' রবিন্দ্রনাথ ঠাকুর রচিত একটি কাব্যগ্রন্থ।
- iv) তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।
- v) অধ্যক্ষ সাহেব স্বপরিবারে কক্সবাজারে বেড়াতে গেছেন।
- vi) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে।
- vii) তাহারা মাঠে খেলা করছে।
- viii) দারিদ্র্যতা আমাদের অভিশাপ।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ কর :
এখন হেমন্তকাল, মুষলধারে মেঘ হচ্ছে। আজ ক্লাসে যেতে হবে না, তাই বাবুল আনন্দ চিত্তে কাথামুড়ি দিয়ে শুয়ে আছে। বাবুলের মা চিতই পিঠা বানিয়ে তাহাকে খেতে ডাকলেন।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Audio, Bulletin, Dialect, Urban, Eye-witness, Fiction, Skull, Leap-year, Para, Custom, Interpreter, Republic, Principle, Nursery, Vision.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all over boyhood. Boyhood is the seed time. The habit formed at this time will continue all through our life. Everything at the right time, should be our motto.

৮। (ক) ঐতিহাসিক স্থানের ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি খুদেবার্তা লেখ। ১০

অথবা, (খ) সম্প্রতি তোমার পড়া একটি বই সম্পর্কে প্রবাসী বন্ধুর কাছে পত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি না চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

১১। (ক) 'নিরাপদ সড়ক চাই' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
আশরাফ সাহেব একজন মুক্তিযোদ্ধা। স্বাধীনতার ৪৭ বছর পরও তিনি মনে করেন দেশের জন্য অনেক কাজ করার বাকি রয়ে গেছে। তাই এই প্রৌঢ় বয়সেও............

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) একুশ বাঙালির অহঙ্কার;
- (খ) মাদকাসক্তির কারণ ও প্রতিকার;
- (গ) বৃত্তিমূলক শিক্ষা;
- (ঘ) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন;
- (ঙ) বিদ্যুৎ ও আধুনিক জীবন।

SURE SUCCESS

# রাজশাহী বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আশ্রম, ভবিষ্যৎ, বিজ্ঞপ্তি, পুনঃপুন, আবৃত্তি, ব্রাহ্মণ, বৈসাদৃশ্য, ষাণ্মাসিক।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাঙ্খা, উপরোক্ত, দুরাবস্থা, নিশিথিনি, প্রনয়ণ, মনকষ্ট, সমিচীন, সাতন্ত্র।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** যৌগিক ক্রিয়া চিহ্নিত কর :
"চাহিয়া দেখিলাম– হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না। প্রথমে মনে করিলাম, ওয়েলিংটন হঠাৎ বিড়ালত্ব প্রাপ্ত হইয়া আমার নিকট ভিক্ষা করিতে আসিয়াছে। প্রথম উদ্যমে, পাষাণবৎ কঠিন হইয়া, বলিব মনে করিলাম যে, ডিউক মহাশয়কে ইতিপুর্বে (ইতঃপূর্বে) যথোচিত পুরস্কার দেওয়া গিয়াছে, এক্ষণে আর অতিরিক্ত পুরস্কার দেওয়া যাইতে পারে না।"

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) : ৫
ঝালাই, গোঙানি, রাঁধুনি, নন্দন, শ্রবণীয়, জ্ঞাতব্য, প্যাঁচানো, ফলবন্ত।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
আরক্তিম, আয়কর, কুশীলব, সশস্ত্র, চতুর্দশপদী, নীলাম্বর, পঙ্কজ, প্রবচন।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
- i) দেশকে ভালোবেসে শত শহিদ জীবন উৎসর্গ করেছেন। (প্রশ্নবাচক)
- ii) ইহাদের ন্যায় রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই। (জটিল)
- iii) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়? (নির্দেশাত্মক)
- iv) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)
- v) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগই দিলেন না। (অস্তিবাচক)
- vi) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
- vii) পরশমণির বয়স হইলেও শিক্ষা হয় নাই। (যৌগিক)
- viii) ভুলগুলো এখনই সংশোধন করতে বলছি। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) পাতায় পাতায় পড়ে শিশির নিশির।
- ii) শতাব্দীর দুচোখ অশ্রুজলে ভেসে গেল।
- iii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করব।
- iv) আসছে ২ এপ্রিল, ২০১৯ আমাদের উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে।
- v) চোরটাকে পূর্ণচন্দ্র দিয়ে বিদায় কর।
- vi) যাবতীয় প্রাণীবৃন্দ এই গ্রহের বাসিন্দা।
- vii) সারাজীবন ভুতের মজুরি খেটে মরলাম।
- viii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্র্যতা আমাদের মুগ্ধ করে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
আমাদের বঙ্গভূমি সুজলা, সুফলা, শস্য-শ্যামলা, – তবু চাষার উদরে অন্ন নাই কেন? ইহার উত্তর শ্রদ্ধাশীল রবীন্দ্রনাথ ঠাকুর দিয়েছেন, "ধান তার বসুন্ধরা যার।" তাই তো, অভাগা চাষাবৃন্দ কে? সে কেবলমাত্র "ক্ষেতে ক্ষেতে পুইড়া মরিবে," হাল বহন করিবে আর পাট উৎপন্ন করিবে। তাহা হইলে চাষার ঘরে যে "মোরাই-ভরা ধান ছিল, গোয়াল ভরা গরু ছিল, উঠান ভরা মুরগি ছিল," একথার অর্থ কী?

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Plosive, Annexation, Undertaking, Prescription, By-election, Racism, Correspondent, Latitude, Eye-wash, Hostage, Banquet, Bulletin, Grant, Dynamic, Ethics.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Shaheed Minar is the symbol of our love and sincerity for supreme sacrifice of our language martyrs. It is located in front of Dhaka Medical College. Hamidur Rahman, a famous architect designed this significant monument. Its vertical lines symbolize the manifestations of inner strength. The four columns on both sides of the central structure reflect the balance and harmony of united stand. Today, it has become a part of our political as well as cultural achievement and national source of inspiration.

৮। (ক) একটি ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি সম্পর্কে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) মনে কর, তুমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চাও। উক্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া সম্পর্কে জানতে চেয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) দেশের বর্তমান যুবসমাজের মাদকাসক্তি ও নৈতিক অবক্ষয় রোধের উপায় সম্পর্কে মতামত জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি চিঠি লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে
সুখের আলো জ্বালে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে ওঠে শূন্য দেহে প্রাণ
মনুষ্যত্বের বান ডেকে যায় যাহার হৃদয় তলে,
বুক ফুলিয়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতার বলে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) মনে কর, তুমি সাকিব। তোমার বন্ধু লিমন। 'নিরাপদ সড়ক চাই' বিষয়ে দুজনের মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :
মুক্তিযুদ্ধের ইতিহাস জানার ইচ্ছা স্বপ্নিল ও মুনার অনেক দিনের। তারা শ্রীপুর গ্রামে এক মুক্তিযোদ্ধার কাছে গেল মুক্তিযুদ্ধের গল্প শুনতে। ......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ;
- (খ) বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ ও অর্থনৈতিক মুক্তি;
- (গ) জাতীয় জীবনে দেশপ্রেমের গুরুত্ব;
- (ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
- (ঙ) বিশ্ব ক্রিকেটে বাংলাদেশ।

SURE SUCCESS

# যশোর বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) উচ্চারণরীতি কাকে বলে? উদাহরণসহ বাংলা উচ্চারণের চারটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, দুরন্ত, পদ্য, ভবিষ্যৎ, মনমালিন্য, নদীমাতৃক, ব্রাহ্মণ, ঐশ্বর্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
প্রত্যুশ, শ্রদ্ধাঞ্জলী, শান্তনা, কথপোকোথন, বুৎপত্তি, পীপিলিকা, শিরোচ্ছেদ, বীরস্বণা।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদের প্রকারভেদ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।
ii) সাদা কাপড় পরলেই মন সাদা হয় না।
iii) কারণ ছাড়া কার্য হয় না।
iv) রবীন্দ্রনাথ তো আর দুজন হয় না।
v) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
vi) বাহবা! আমাদের দল খেলায় জিতেছে।
vii) আমাদের সমাজ আর ওদের সমাজ এক রকম নয়।
viii) তিনি হো হো করে হেসে উঠলেন।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।" — আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
যুগান্তর, নদীমাতৃক, সৈন্যসামন্ত, আমরা, সপ্তর্ষি, সহোদর, অনাশ্রিত, চরণকমল।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়ে অধম। (সরল)
ii) বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক)
iii) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (জটিল)
iv) যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। (যৌগিক)
v) মানুষ মরণশীল। (নেতিবাচক)
vi) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক)
vii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়বাচক)
viii) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
ii) দুঃসংবাদটি শুনে সে চোখের অশ্রুজল সংবরণ করতে পারল না।
iii) এ বিষয়ে অজ্ঞানতাই তার পতনের কারণ।
iv) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
v) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
vi) তিনি স্বস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন।
vii) আমরা বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি।
viii) তাহাকে এখান থেকে যাইতে হবে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনায় হচ্ছে অমনোযোগী। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখে।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Attestation, Booklet, Chief Whip, Deputation, Ethics, Home Ministry, Governing body, Notice Board, Prepaid, X-ray, Racism, Settlement, Tribunal, Bulletin, External.

অথবা, বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He discovers the treasure hidden inside each student.

৮। (ক) তোমার কলেজ জীবনের কোনো তাৎপর্যপূর্ণ ঘটনার অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ভেজাল প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে নজরুল জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে আমন্ত্রণপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

কোথায় স্বর্গ? কোথায় নরক? কে বলে তা বহুদূর?
মানুষেরই মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) বাল্যবিবাহ নিরোধের গুরুত্ব সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন' বিষয়ক একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(খ) একুশের চেতনায় '৭১-এর মুক্তিযুদ্ধ;
(গ) রোহিঙ্গা সমস্যা ও সমাধানের উপায়;
(ঘ) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ;
(ঙ) রূপসী বাংলাদেশ।

# কুমিল্লা বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা [**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) অন্ত্য 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অনিঃশেষ, ঐশ্বর্য, ষাণ্মাসিক, প্রায়শ্চিত্ত, উহ্য, জয়ধ্বনি, ব্রহ্মপুত্র, উদ্বাস্তু।

২। (ক) ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের চারটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
বৈয়াকরণিক, মুহূর্মুহূ, প্রোজ্জলন, কুপমন্ডুক, পিপিলীকা, দিবারাত্রি, সুষ্ট, ষ্টেডিয়াম।

৩। (ক) যোজক কী? উদাহরণসহ যোজক-এর শ্রেণিবিভাগ দেখাও। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) চলো কোথাও একটু ঘুরে আসি।
ii) ট্রেনটা এখনই এসে পড়বে।
iii) নদীর বুকে চর জেগেছে।
iv) এত চিনি দিলাম তবু মিষ্টি হলো না।
v) বিপদ কখনও একা আসে না।
vi) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য অতুলনীয়।
vii) আমাদের যাত্রা সমুদ্র অভিমুখে।
viii) হে বন্ধু, বিদায়।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
আপদ, গৌরব, দিব্য, বাঙ্ময়, লিখিত, মন্ত্রণা, পণ্ডিত, ভাস্বর।

SURE SUCCESS

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : ৫
আঁটসাঁট, গৃহস্থ, তপোবন, গণতন্ত্র, অনাহূত, বিমনা, নবরত্ন, অনুরণন।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) বিদ্বান হলেও তার অহঙ্কার নেই। (যৌগিক)
ii) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)
iii) আমি আশা ছাড়িতে পারিলাম না। (অস্তিবাচক)
iv) স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। (নেতিবাচক)
v) যা বাঙালির আত্মজাগরণ, তা অভিনন্দনের দাবি রাখে। (সরল)
vi) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
vii) বাঁশির সুরটি সুমধুর। (বিস্ময়বোধক)
viii) বস্তুজিজ্ঞাসা তথ্য বিজ্ঞান কখনো শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না। (প্রশ্নবোধক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
ii) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
iii) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
iv) সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
v) স্বজনেরা মরাদাহ করতে শ্মশানে গেছেন।
vi) ফেলো টাকা মাখো তেল।
vii) তদানীন্তনকালে বাঙালি ব্রিটিশদের অধীন ছিলো।
viii) কথাটি শুনে তিনি আশ্চর্য হলেন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতিপ্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এ ক্ষেত্রে যে কোনো শুভ উদ্‌যোগকে জানাই সুস্বাগত।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autonomous, Black-out, Correspondent, Diplomatic, Endorsement, Feudal, Horticulture, Idealism, Landscape, Memorandum, Non-aligned, Ordinance, Pioneer, Remark, Worship.

অথবা, বাংলায় অনুবাদ কর :
The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man, his body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light it's all latent qualities. An educated man should be gentle, polite, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. So, all of us should try our best to be educated and to serve humanity and the state. Because if education develops no spiritual and moral values, it has no value at all.

৮। (ক) 'বাল্যবিবাহ প্রতিরোধের প্রয়োজনীয়তা' বিষয়ে একটি ভাষণ প্রস্তুত কর। ১০

অথবা, (খ) তোমার মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কিত দিনলিপি লেখ।

৯। (ক) তোমার দেখা বাংলাদেশের কোনো একটি গ্রামের প্রাকৃতিক সৌন্দর্যের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) তোমার কলেজে রবীন্দ্র-জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

সন্ধ্যা যদি নামে পথে, চন্দ্র যদি পূর্বাচল কোণে
না হয় উদয়,
তারকার পুঞ্জ যদি নিভে যায় প্রলয় জলদে,
না করিব ভয়।
হিংস্র ঊর্মি ফণা তুলি, বিভীষিকা মূর্তি ধরি যদি
গ্রাসিবারে আসে,
সে মৃত্যু লঙ্ঘিয়া যাব, সিন্ধু পাড়ে নবজীবনের
নবীন আশ্বাসে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

রাত্রে যদি সূর্য শোকে ঝরে অশ্রুধারা,
সূর্য নাহি ফেরে, শুধু ব্যর্থ হয় তারা।

১১। (ক) 'ফেইসবুকের সুফল ও কুফল' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
পড়ন্ত বিকেলে ঢাকার ফুটপাতে হাঁটতে হাঁটতে রাজু ভাবে, কালের প্রবহমান স্রোত জীবনকে আজ কত দূরে নিয়ে এসেছে। কিন্তু শৈশবের স্মৃতিগুলো আজও...............

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) মহান মুক্তিযুদ্ধের চেতনা ও আজকের বাংলাদেশ;
(খ) বাংলাদেশের কৃষিতে বিজ্ঞান ও প্রযুক্তি;
(গ) পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) বৈশ্বিক উষ্ণতাবৃদ্ধি ও বাংলাদেশ;
(ঙ) বই পড়ার আনন্দ।

# চট্টগ্রাম বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অদ্য, ইতঃপূর্বে, ঐশ্বর্য, বৈশাখ, অধ্যক্ষ, ব্যাখ্যা, ছাত্র, চিহ্ন।

২। (ক) প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাংখা, অহোরাত্রি, পুরস্কার, কৃতিবাস, মুমুর্ষ, মরিচিকা, শিরচ্ছেদ, বানিজ্য।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়া বিশেষণ চিহ্নিত কর :
ইট বসানো রাস্তা দিয়ে করিম বাড়ি ফিরছিল। হঠাৎ দেখতে পেল চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে। হাঁটা-পথের অনেকেই দৃশ্যটি তাকিয়ে দেখল। কয়েক জনের যায়-যায় অবস্থা। কাঁদো-কাঁদো চেহারার মানুষগুলোকে দেখে করিম মনে কষ্ট পেল।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
সৌন্দর্য, বাদলা, মোড়ক, বার্ষিক, কাঠুরে, দেশী, বহতা, রান্না।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : ৫
আমরণ, নদীমাতৃক, সাতসতের, ভবনদী, রাজহংস, কাজলকালো, পকেটমার, সপ্তর্ষি।

৫। (ক) অর্থানুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
- i) মেঘনা আসামের লুসাই পাহাড় থেকে উৎপন্ন হয়ে সাগরে পড়েছে। (যৌগিক)
- ii) তুমি যা বললে তা অসত্য। (সরল)
- iii) মানুষ অমর নয়। (অস্তিবাচক)
- iv) তিনি দরিদ্র কিন্তু সৎ। (জটিল)
- v) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবোধক)
- vi) সে সুন্দর গান গায়। (বিস্ময়সূচক)
- vii) দুর্জনকে দূরে রাখা উচিত। (অনুজ্ঞা)
- viii) বিড়ালকে বুঝানো দায় হইল। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) এটা একটা লজ্জাস্কর ব্যাপার।
- ii) মাতাহীন শিশুর কী দুঃখ।
- iii) অশ্রু জলে তার বুক ভেসে গেল।
- iv) দৈন্যতা সবসময় প্রশংসনীয় নহে।
- v) সকল সভ্যগণ সভায় উপস্থিত ছিলেন।
- vi) বিরাট গরু ছাগলের হাট।
- vii) খাঁটি গরুর দুধ।
- viii) একটি গোপনীয় কথা বলি।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদে অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
আজিকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনোযোগী। বানান শুদ্ধতম করে লেখার ব্যাপারে তাহারা তো সচেষ্টিত নয়ই বরং অবস্থাদৃষ্টিতে মনে হয়, তাহারা যেন সর্বদাই ভুল করিবার প্রতিযোগিতায় অবতির্ণ হয়েছে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Affidavit, Fundamental, Galaxy, Oath, Sabotage, Catalogue, Manifesto, Home Ministry, Rank, Note, Secular, Code, Quality, File, Theory, Biodata.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Man cannot live alone. So he likes to keep company. He cannot do without the help of others even for a day. For this reason men have been living together for many days. This is called social life. None can go according to his sweet will in society.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) 'মাদকের অপর নাম মৃত্যু' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি কর।

৯। (ক) শিক্ষাসফরের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি খুদে বার্তা লেখ। ১০

অথবা, (খ) রাস্তা সংস্কারের আবশ্যকতা জানিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি পত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

ফুটিয়াছে সরোবরে কমল নিকর,
ধরিয়াছে কী আশ্চর্য শোভা মনোহর।
গুনগুন রবে এরা মধু পান করে,
কিন্তু এরা এদিন হারাইবে যখন,
আসিবে কি অলি আর করিতে গুঞ্জন।
আশায় বঞ্চিত হলে আসিবে না আর
সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়,
অসময়ে হায় হায় কেউ কারো নয়।
কেবল ঈশ্বর বিশ্বপতি যিনি,
সকল সময়ের বন্ধু সকলের তিনি।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
বিদ্যার সাধনা শিষ্যকে নিজে অর্জন করতে হয়। গুরু উত্তরসাধক মাত্র।

১১। (ক) একটি পূর্ণিমা রাতের সৌন্দর্য প্রসঙ্গে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত শিরোনাম অবলম্বনে একটি খুদে গল্প লেখ।
অসময়ের বন্ধু প্রকৃত বন্ধু।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) স্বদেশপ্রেম;
- (খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;
- (গ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
- (ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি;
- (ঙ) নারীশিক্ষা ও জাতীয় উন্নয়ন।

# সিলেট বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
একাডেমি, উদাহরণ, ধার্য, প্রণীত, অদ্বিতীয়, চর্যাপদ, ব্রাক্ষ্মণ, রূপসী।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
উদীচি, অপরাহ্ন, অহোরাত্রি, ইতিমধ্যে, নিশিথিনি, শিরচ্ছেদ, নুপুর, প্রাণীবিদ্যা।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) দুঃখ <u>বিনা</u> সুখ লাভ হয় কি মহীতে?
ii) <u>সাদা</u> কাপড় পরলেই মন সাদা হয় না।
iii) <u>মোদের</u> গরব মোদের আশা আ-মরি বাংলা ভাষা।
iv) <u>রবীন্দ্রনাথ</u> তো আর দুজন হয় না।
v) <u>বুঝিলাম</u> মেয়েটির রূপ বড় আশ্চর্য।
vi) <u>বাঃ</u>! আমাদের মেয়েরা দারুণ খেলেছে।
vii) আমাদের সমাজ <u>আর</u> ওদের সমাজ এক রকম নয়।
viii) তিনি <u>হো হো</u> করে হেসে উঠলেন।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।" — ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
আঁজলা, কাঠুরিয়া, ত্যাগ, দর্পণ, ডাকাত, বুনো, মন্ত্রী, মুগ্ধ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) সে আর ভিক্ষা করে না। (প্রশ্নবোধক)
ii) বাংলাদেশ কি একটি উন্নয়নশীল দেশ নয়? (অস্তিবাচক)
iii) তোমার এরূপ ব্যবহার অনুচিত। (নেতিবাচক)
iv) তারা কি যাবে কোথাও? (অস্তিবাচক)
v) লোকটির সবই আছে, কিন্তু সুখী নয়। (জটিল বাক্য)
vi) আমার এমন কিছু নেই, যা তোমাকে দিতে পারি। (সরল)
vii) সূর্যোদয়ে পদ্মফুল ফোটে। (জটিল বাক্য)
viii) যিনি জ্ঞানী, তিনি সত্যিকার ধনী। (সরল বাক্য)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

i) মহারাজা সভাগৃহে প্রবেশ করিলেন।
ii) শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করবো।
iii) বিরাট গরু-ছাগলের হাট।
iv) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
v) অপরাহ্ন লিখতে অনেকেই ভুল করে।
vi) আমার টাকার আবশ্যক নাই।
vii) প্রতিযোগীতায় অংশগ্রহণ করাই বড় কথা।
viii) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ইদানিংকালে ইংরেজি ধাঁচে বাংলা বলার অপচেষ্টা দেখা যাচ্ছে। বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি। শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীরা অনেক বেশি অমনোযোগী থাকে বলে বানান ভুল করে। সরকারি পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হবে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Catalogue, Dual, Epitaph, Fine Arts, Interim, Manuscript, Octave, Parole, Quarterly, Refugee, Sponsor, Up-to-date, Violation, Wristwatch, Zoom.

অথবা, বাংলায় অনুবাদ কর :
We should bear the courage to say the right thing. We need not fear men nor care for what others think of us. So long as our purpose is honest, God will be on our side. And with his help, we shall be able to encourage the weak. Thus we shall be able to march in life and search its goal.

৮। (ক) তোমার কলেজের নবীনবরণ অনুষ্ঠানের অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণ এবং এর প্রতিকার সম্বন্ধে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ধর, তোমার নাম 'কণা'। মা দিবসে মাকে শুভেচ্ছা জানিয়ে একটি খুদে বার্তা প্রেরণ কর। ১০

অথবা, (খ) মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে চাকরি প্রার্থনা করে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

তোমারি ক্রোড়েতে মোর পিতামহগণ—
নিদ্রিত আছে সুখে জীবলীলা-শেষে।
তাঁদের শোণিত, অস্থি সকলি এখন
তোমারি দেহের সঙ্গে গিয়েছে মা মিশে,
তোমার ধূলিতে গড়া এ দেহ আমার
তোমার ধূলিতে কালে মিলাবে আবার।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

১১। (ক) "সড়ক দুর্ঘটনা বিষয়ে সচেতনতা" এই শিরোনামে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'আজ সফলতার সিঁড়িতে' এই শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।
জীবন বড়ই বিচিত্র। অনিকের এমন একদিন ছিল, যখন প্রতি বেলা খাবার খাওয়ার মতো অর্থ তার ঘরে ছিল না। জীবনে কঠোর পরিশ্রম করে আজ একটা ভালো চাকরি করে সে। বাবা বড় দুঃখে মানুষ করেছে ......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) বাংলাদেশের পোশাক শিল্প;
(গ) একুশ শতকে পল্লি উন্নয়ন ও বাংলাদেশ;
(ঘ) তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ;
(ঙ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও তার প্রতিকার।

# বরিশাল বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) বাংলা শব্দে আদ্য 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পক্ষ, ব্যাকরণ, বিশ্বাস, ঐতিহ্য, হৃৎপিণ্ড, নদী, পদ্ম, আহ্বান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
প্রাতঃভ্রমণ, মাধুর্যতা, নিরপরাধী, ঔজ্জ্বল্য, সচিত্রিত, দৈন্যতা, বহিঃস্কার, পিপিলিকা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
আছেন তো ভালো? ছেলেমেয়ে? কিছু আলাপের পর
দেখিয়ে সফেদ দেয়ালের শান্ত ফটোগ্রাফটিকে
বললাম জিজ্ঞাসু অতিথিকে–

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
মেয়ে, জয়, ভাগ্নে, লিখিত, ভাবুক, দারোয়ান, বাগিচা, কর্তা।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : ৫
সলিলসমাধি, গ্রন্থকার, আকণ্ঠ, প্রবাদ, উত্তরোত্তর, নবরত্ন, শতাব্দী, বিষাদসিন্ধু।

৫। (ক) অর্থ অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
ii) তাদের গ্রামে ফিরিয়া আসা চলে না। (প্রশ্নবোধক)
iii) আশেপাশে কোন শব্দ নেই। (অস্তিবাচক)
iv) ভাষায় অক্ষরের ভূমিকা গৌণ। (নেতিবাচক)
v) কাজ না করলে চলে যাও। (যৌগিক)
vi) আইন মেনে চলা কর্তব্য। (অনুজ্ঞাবাচক)
vii) এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
viii) সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
ii) এক পৌষে শীত যায় না।
iii) বন্দরে কয়েকটি ডিপার্টমেন্টাল স্টোর আছে।
iv) উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
v) ঘটনাট অত্যান্ত লজ্জাস্কর।
vi) মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলো।
vii) কেবলমাত্র গায়ের জোরে সব কাজ হয় না।
viii) শিক্ষক অন্যান্য বিষয়সমূহের আলোচনা করলেন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে :
সেদিন স্যার রাগিয়া বললেন, "তোমরা এস.এস.সি. পাস করিলে কিভাবে? মণিষি, সমিচীন, লবন, আকাংখা, শান্তনা, বিদ্যান, সংস্কৃতিবান ইত্যাদি বানান পর্যন্ত ভুল করছ। এ জন্য তোমাদের অনুতপ্ত হওয়া উচিত।"

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Ad-hoc, By-election, Caption, Data, Ethics, Fine-Art, Idiom, Kindergarten, Landscape, Nebula, Ordinance, Parade, Quarter, Rational, Syntax.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Family is the first school where the child learns his lessons. The first lessons are very essential for developing his mind. He sees, hears and begins to learn in his family. Family builds his character. In a good family honest and healthy men are made.

৮। (ক) শীতকালীন ছুটি কীভাবে কাটিয়েছ তার অভিজ্ঞতা বর্ণনা কর। ১০

অথবা, (খ) 'গণতন্ত্র ও মানবাধিকার' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি কর।

৯। (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিগুলো উল্লেখ করে বন্ধুদের প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজের সামনের রাস্তাটি সংস্কারের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি চিঠি লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
প্রকৃত জ্ঞানের স্পৃহা ছাড়া শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাসটাই বড় হয়। এতে পরীক্ষা পাস করা লোকের অভাব না থাকলেও জ্ঞানীর অভাব দেখা দেয়। পরীক্ষা পাসের মোহ যদি ছাত্রছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, তবে জ্ঞান নির্বাসনে চলে যায়। পৃথিবীতে অক্ষয় আসন লাভের জন্য তরুণ সমাজকে জ্ঞানের প্রতি উৎসাহী করে তুলতে হবে। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১। (ক) বাংলাদেশ ক্রিকেট দলের সম্প্রতি অর্জিত কোনো সাফল্য সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) পরিবেশ দূষণ : কারণ ও প্রতিকার;
(খ) তথ্যপ্রযুক্তি ও আজকের বাংলাদেশ;
(গ) বই পড়ার আনন্দ;
(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(ঙ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ।

# দিনাজপুর বোর্ড ২০১৯

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

সময় : ৩ ঘণ্টা [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আশ্রম, ঐকমত্য, গ্রীষ্ম, জনশ্রুতি, তত্ত্বাবধান, প্রত্যক্ষ, শ্রবণ, আবৃত্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অধিনস্থ, কুজ্জটিকা, জেষ্ঠ্য, মুমুর্ষু, সম্বর্ধনা, মহিষী, পিপিলীকা, নুন্যতম।

৩। (ক) সাপেক্ষ সর্বনাম বলতে কী বোঝ? যেকোনো চারটি বাক্যে এর প্রয়োগ দেখিয়ে তা চিহ্নিত কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) পয়লা বৈশাখ বাঙালির উৎসবের দিন।
ii) মোদের গরব মোদের আশা আমরি বাংলা ভাষা।
iii) আজ নয় কাল সে আসবেই।
iv) তার মায়ের হাতের পিঠা যেন অমৃত।
v) হঠাৎ সে দেখতে পেল চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে।
vi) বাঃ! চমৎকার একটা গল্প লিখেছ।
vii) শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল।
viii) সে আমার মনে আগুন জ্বালিয়ে দিয়েছিল।

৪। (ক) শব্দগঠন বলতে কী বোঝ? কী কী উপায়ে শব্দ গঠিত হয় উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
পুষ্পসৌরভ, গঙ্গা-যমুনা-মেঘনা, চন্দ্রচূড়, অনাচার, মহাকবি, গুণমুগ্ধ, সবান্ধব, উপকণ্ঠ।

৫। (ক) গঠন অনুসারে বাংলা বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর **(যেকোনো পাঁচটি)** :

i) সত্য কথা স্বীকার কর নতুবা শাস্তি পাবে। (সরল)
ii) ইহারা অন্য জাতের মানুষ। (নেতিবাচক)
iii) পড়াশুনা কর নচেৎ ভবিষ্যৎ অন্ধকার। (জটিল)
iv) আমি বহু কষ্টে শিক্ষালাভ করেছি। (যৌগিক)
v) হৈম তাহার অর্থ বুঝিল না। (অস্তিবাচক)
vi) ত্যাগের এ মহিমা অপূর্ব। (বিস্ময়সূচক)
vii) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)
viii) কাজটা তোমার করা উচিত। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
ii) যাবতীয় প্রাণীরাই এই গ্রহের বাসিন্দা।
iii) আকণ্ঠ পর্যন্ত খেয়ে এখন হাঁসফাঁস লাগছে।
iv) আজ আমার কনিষ্ঠ বোনের বাগদান অনুষ্ঠান।
v) আমার কথাই শেষ পর্যন্ত প্রমাণ হলো।
vi) লোকটাকে পূর্ণচন্দ্র দিয়ে বিদায় করে দাও।
vii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
viii) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে :
বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। একথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হলে পাঠে মনোযোগী হতে হয়। দূরাবস্থা আকাঙ্ক্ষার অন্তরায়। দৈন্যতা ভালো নয়।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autograph, Bilingual, Comet, Dialect, Evaluation, Farce, Global, Hostage, Immigrant, Legend, Manifesto, Nutrition, Prefix, Rotation, Symbol.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Trees are our friends. It helps us in different ways. It gives us shade, food, fuel, medicine and oxygen. Trees make our environment beautiful. Trees are our valuable wealth. It is very much necessary to make afforestation programme successful.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার দেখা একটি গ্রামীণ মেলার ওপর একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) তোমার বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক' পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

জোটে যদি মোটে একটি পয়সা
খাদ্য কিনিও ক্ষুধার লাগি
দুটি যদি জোটে তবে অর্ধেকে
ফুল কিনে নিও, হে অনুরাগী।
বাজারে বিকায় ফল তন্দুল;
যে শুধু মিটায় দেহের ক্ষুধা
হৃদয়ে প্রাণের ক্ষুধা নাশে ফুল
দুনিয়ার মাঝে সেই তো সুধা।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১। (ক) বই পড়ার গুরুত্ব সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর।
সংসারের চাকা সচল রাখতে রোমানা অন্যের বাসায় ঝি এর কাজ বেছে নেয়, তার একমাত্র মেধাবী কন্যার স্বপ্ন পূরণের ......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(খ) কর্মমুখী শিক্ষা;
(গ) স্বদেশপ্রেম;
(ঘ) মানবকল্যাণে বিজ্ঞান ও প্রযুক্তি;
(ঙ) মাদকাসক্তি ও তার প্রতিকার।

SURE SUCCESS

# সকল বোর্ড ২০১৮

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

বিষয় কোড : | 1 | 0 | 2 |

সময় : ৩ ঘণ্টা [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়] পূর্ণমান : ১০০

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
শ্রাবণ, রাষ্ট্রপতি, শ্রদ্ধাস্পদ, নক্ষত্র, অত্যাবশ্যক, দায়িত্ব, প্রেতাত্মা, প্রজ্ঞা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে ই, উ, ক্ষ, শ এবং রেফ (র্) ব্যবহারের নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
স্বত্ত্বা, সমিচীন, আইনজীবি, পোষ্টমাষ্টার, মূর্চ্ছনা, বিদূষি, উচ্ছাস, ইতিমধ্যে।

৩। (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শ্রেণি নির্দেশ কর।
সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী। নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে। তার ছিল না কোনো আনন্দ, কোনো আশা। পরিচিত হবার, প্রশংসা পাওয়ার, প্রেমলাভ করার এবং কোনো ধনী অথবা বিশিষ্ট লোকের সঙ্গে বিবাহিত হওয়ার কোনো উপায় তার ছিল না। তাই শিক্ষা পরিষদ আপিসের সামান্য এক কেরানির সঙ্গে বিবাহ সে স্বীকার করে নিয়েছিল।

৪। (ক) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) : ৫
জয়, নীলিমা, উক্তি, প্রেম, সম্রাট, খোদাই, প্রাচুর্য, ধার্মিক।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
প্রভাকর, উপনদী, রাজপথ, উদ্বেল, বীরকেশরী, আশীবিষ, বইপড়া, অহিনকুল।

৫। (ক) বাক্য কী? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর **(যেকোনো পাঁচটি)** :
i) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবোধক)
ii) বিপন্নদের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
iii) রাঙ্গামাটির প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার। (বিস্ময়বোধক)
iv) অনুষ্ঠানটি আমি উপস্থাপনা করব। (নেতিবাচক)
v) উদারতা কৃপণদের ধর্ম নয়। (অস্তিবাচক)
vi) সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
vii) যারা সংস্কৃতিবান, তারা শান্তিপ্রিয় হয়। (সরল)
viii) যদিও সে অশিক্ষিত, তবুও সে দেশপ্রেমিক। (যৌগিক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
i) তিনি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভাষণ দেবে।
ii) প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।
iii) তাহারা সবাই অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে।
iv) সুশিক্ষার কোনো বিকল্প নেই।
v) এতে গৌরব লোপ হয়েছে।
vi) শ্রাবণী অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।
vii) সকল সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি।
viii) পরবর্তীতে আপনি আবার আসবেন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদেরে অপপ্রয়োগগুলো শুদ্ধ কর।
জামিল সাহেব স্বপরিবারে ছুটি কাটাতে চলেছেন। এবার তাঁর যাত্রা কক্সবাজারের সমুদ্র সৈকত। কিন্তু ট্রেনে কিছু যাত্রীর সৌজন্যতাহীন আচরণে তিনি বড় বিরক্ত হলেন। শিক্ষাসফরের যাত্রীরা অসুরে গলায় সুরদেবীর আরাধনা করছে। তবে তাঁর বিরক্তবোধ প্রকাশ পাওয়া মাত্রই তারা নিজেদের ভুল বুঝতে পারে।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Abstract, Bidder, Cold war, Diplomatic, Embargo, Face value, Gratuity, Hygiene, Initial, Myth, Justice, Power house, Queue, Sabotage, Violation.

অথবা, বাংলায় অনুবাদ কর :
Patriotism is a very noble virtue. It means love for one's country. A person who loves his/her country more than anything else is called a patriot. Patriotism inspires a man to do everything just and fair for the wellbeing and betterment of the country. It is the invaluable quality that impels a man to sacrifice his own interest, comfort, pleasure and even his life for the sake of his/her country. To a true patriot mother and the motherland are the same.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) 'সম্প্রদায়গত সম্প্রীতি' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি কর।

৯। (ক) দুর্ঘটনায় আহতদের সাহায্যার্থে রক্ত ও প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে বন্ধুদের কাছে প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
শ্রেষ্ঠ বলিয়া অহঙ্কার করিতে যে লজ্জাবোধ করে না, যে মানুষকে নিম্নাসনে বসাইয়া রাখিতে আনন্দবোধ করে, যে দরিদ্র ও ছোটকে ছোট করিয়া রাখিতে কষ্ট অনুভব করে না, যে মানুষের শক্তি-স্বাধীনতা হরণ করিতে ব্যস্ত, যে মানুষের হাত দিয়া নিজের পায়ের জুতা খুলাইয়া লয়, তোমরা তাহাদিগকে সালাম করিও না। সে সারারাত্রি প্রার্থনা করুক, মানুষ তাহার পদধূলি লইয়া মাথায় মাখুক, সে প্রথম শ্রেণির গাড়িতে চড়ুক, সে রাজদরবারের সদস্য হউক, তোমরা তাহাকে আত্মীয় মনে করিও না। লক্ষ নরনারী মুক্তির আশায় করুণ নেত্রে তোমাদের দিকেই চাহিয়া আছে। লক্ষ, কোটি মানবাত্মা তোমাদের আগমনের অপেক্ষা করিতেছে। যে দুর্বৃত্তের দল সত্যকে চূর্ণ করিয়া মহান সৃষ্টিকর্তার বাণীকে অবমাননা করিতেছে, তাহাদিগকে দেখিয়া আর তোমরা শ্রদ্ধায় আসন ছাড়িয়া দাঁড়াইও না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রকৃতির ওপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রীর সম্বন্ধ।

১১। (ক) 'শিশু ও নারীর প্রতি সহিংসতা' বিষয়ে শিক্ষক-শিক্ষার্থীর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর।
পিতার আকস্মিক মৃত্যুর পর সংসারের হাল ধরতে গিয়ে লেখাপড়া ছেড়ে চাকরি নিয়েছে রাজু। ছোট ভাই মিঠু ও বোন মিনার মধ্যেই সে দেখতে পায় তার স্বপ্ন পূরণের .....

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়;
(খ) ইন্টারনেট ও বর্তমান বাংলাদেশ;
(গ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন এবং কৃষক;
(ঘ) দুর্নীতি : উন্নয়নের অন্তরায়;
(ঙ) বাংলাদেশের উৎসব।

SURE SUCCESS